# রোভার স্কাউট প্রোগ্রাম




বাংলাদেশ স্কাউটস

# পারদর্শিতা ব্যাজ



রোভার কুশলী ব্যাজ



শিক্ষকতা ব্যাজ



স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ



পরিভ্রমণকারী ব্যাজ



স্বনির্ভর ব্যাজ



স্কাউট কর্মী ব্যাজ

# রোভার স্কাউট প্রোগ্রাম
# ROVER SCOUT PROGRAMME

বাংলাদেশ স্কাউটস
BANGLADESH SCOUTS

# রোভার স্কাউট প্রোগ্রাম

স্বত্ব : বাংলাদেশ স্কাউটস
বাংলাদেশ স্কাউটস : ISBN-984-32-1629-0

প্রোগ্রাম প্রণয়ন : প্রোগ্রাম বিভাগ, বাংলাদেশ স্কাউটস

প্রকাশনায় : ব্যবস্থাপনা কমিটি, জাতীয় স্কাউট শপ

প্রকাশকাল : এপ্রিল ২০১০
প্রথম সংস্করণ : সেপ্টেম্বর ২০১৩

বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন : ৯৩৩৩৬৫১, ৯৩৩৭৭১৪
ফ্যাক্স : ৮৮-০২-৯৩৪২২২৬
ই-মেইল : scouts@bangla.net
ওয়েব সাইট : www.bangladeshscouts.org

প্রচ্ছদ পরিকল্পনা ও ডিজাইন : মোঃ মাইনুল হক
রোভার স্কাউট লিডার, দিগন্ত মুক্ত স্কাউট গ্রুপ

মূল্য : ২৫ (পঁচিশ) টাকা

মুদ্রণে : মাহির প্রিন্টার্স
২২৪/১ ফকিরেরপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা-১০০০।

# রোভার স্কাউট প্রোগ্রাম

স্বত্ব : **বাংলাদেশ স্কাউটস**
বাংলাদেশ স্কাউটস : ISBN-984-32-1629-0

প্রোগ্রাম প্রণয়ন : **প্রোগ্রাম বিভাগ, বাংলাদেশ স্কাউটস**

প্রকাশনায় : **ব্যবস্থাপনা কমিটি, জাতীয় স্কাউট শপ**

প্রকাশকাল : এপ্রিল ২০১০
প্রথম সংস্করণ : সেপ্টেম্বর ২০১৩

বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন : ৯৩৩৩৬৫১, ৯৩৩৭৭১৪
ফ্যাক্স : ৮৮-০২-৯৩৪২২২৬
ই-মেইল : scouts@bangla.net
ওয়েব সাইট : www.bangladeshscouts.org

প্রচ্ছদ পরিকল্পনা ও ডিজাইন : মোঃ মাইনুল হক
রোভার স্কাউট লিডার, দিগন্ত মুক্ত স্কাউট গ্রুপ

মূল্য : ২৫ (পঁচিশ) টাকা

মুদ্রণে : মাহির প্রিন্টার্স
২২৪/১ ফকিরেরপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা-১০০০।

# পটভূমি

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল (১৮৫৭-১৯৪১) স্কাউটিং কার্যক্রম শুরু করার পূর্বেই স্কাউট বয়সী ছেলেমেয়েদের চাহিদা বিবেচনা করে কিছু বই প্রকাশ করেছিলেন। পরবর্তীতে তিনি পূর্বে প্রকাশিত বইসমূহের সহায়তায় বয়স ভিত্তিক চাহিদা অনুযায়ী বিষয়বস্তু নির্বাচন করে স্কাউটিংয়ের বিভিন্ন শাখার অর্থাৎ কাব, স্কাউট ও রোভার স্কাউট শাখার জন্য পৃথক কার্যক্রম নির্ধারণ করে সুনির্দিষ্ট কার্যক্রমের ভিত্তিতে স্বতন্ত্রভাবে কয়েকটি বই রচনা করেছেন। বই সমূহে স্কাউটিং কার্যক্রমে আকৃষ্ট হওয়ার জন্য প্রচারণামূলক দিকনির্দেশনাসহ বিষয়ভিত্তিক শিক্ষণীয় এবং করণীয় কার্যক্রমের বিস্তারিত আলোচনা করা হয়েছে। সারাবিশ্বে স্কাউটিংয়ের দ্রুত প্রসার এবং দীর্ঘ স্থায়ীত্বের জন্য এখনও লর্ড ব্যাডেন পাওয়েলের লেখা আকর্ষণীয় বইগুলোর কোন বিকল্প নেই।

স্কাউট আন্দোলন শুরুর আগে ও পরে লর্ড ব্যাডেন পাওয়েল কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও অ্যাডাল্ট লিডারদের জন্য যে সমস্ত বই প্রকাশ করেছেন তার মধ্যে উল্লেখযোগ্য বইগুলো নিম্নরূপ ঃ-

| | | |
|---|---|---|
| **এইডস টু স্কাউটিং** | -১৮৯৯ | এ বই পড়েই অনেকে স্কাউটিংয়ের প্রতি আগ্রহী হয়ে উঠে |
| **স্কাউটিং ফর বয়েজ** | -১৯০৮ | স্কাউট শাখার জন্য |
| **উলফ কাব হ্যান্ডবুক** | -১৯১৬ | কাব শাখার জন্য |
| **এইডস টু স্কাউট মাস্টারশীপ** | -১৯২০ | অ্যাডাল্ট লিডারদের জন্য |
| **রোভারিং টু সাকসেস** | -১৯২২ | রোভার স্কাউট শাখার জন্য |
| **গার্ল গাইডিং** | | গার্ল গাইড আন্দোলনের প্রসারতার জন্য |
| **দি ব্লু বার্ড বুক** | | গার্ল গাইড আন্দোলনের প্রসারতার জন্য |

দীর্ঘদিন ধরে স্কাউটদের জন্য এ বইগুলো প্রচলিত থাকলেও বিবর্তন এবং যুগ ও দেশের চাহিদার প্রেক্ষিতে স্কাউটিংয়ে নতুন নতুন বিষয় সংযোজিত হয়েছে। আর সেসব নিয়ে বৈচিত্র্যপূর্ণ বইপত্রও রচিত হয়েছে এবং এখনও তার অনুসরণ চলছে।

বৃটিশ শাসনামলে ১৯২০ সালে অবিভক্ত ভারতের এই অঞ্চলে স্কাউট আন্দোলন শুরু হয়। তখন স্কাউটিং কার্যক্রমে লর্ড ব্যাডেন পাওয়েল রচিত স্তরভিত্তিক বইগুলি ব্যবহার করা হত। এই স্তরভিত্তিক বইগুলো হচ্ছে- **টেন্ডার ফুট, সেকেন্ড ক্লাস, ফার্স্ট ক্লাস**। এই স্তরভিত্তিক বইসমূহে বিভিন্ন পারদর্শিতা ব্যাজের করণীয় উল্লেখ থাকলেও পরবর্তীতে প্রতিটি ব্যাজের জন্য বিষয়ভিত্তিক বিস্তারিত ব্যাখ্যাসহ পৃথক পৃথক বই রচনা করা হয়।
বৃটিশ শাসনামলের অবসানের পর ১৯৪৭ সালে পাকিস্তান জন্মের সুচনা থেকে এই অঞ্চলে স্কাউট আন্দোলন নতুনভাবে সংগঠিত হয়। সেই সময়ের প্রথম পর্যায়ে বৃটিশ আমলে ইংরেজিতে প্রকাশিত স্তরভিত্তিক বইগুলি ব্যবহৃত হলেও তৎকালীন পূর্ব পাকিস্তানে স্কাউটিংয়ের ব্যাপক প্রসারের লক্ষ্যে অতি অল্প সময়ের মধ্যে ইংরেজিতে লেখা বইগুলি বাংলায় অনুবাদ করা হয়।

এই প্রক্রিয়ায় **টেন্ডার ফুট** বইটিকে **কচি কদম, সেকেন্ড ক্লাস** বইটিকে **দ্বিতীয় কদম** এবং **ফাস্ট ক্লাস** বইটিকে **দৃপ্ত কদম** নামে বাংলায় অনুবাদ করে প্রকাশ করা হয়। এই অনুবাদের ধারাবাহিকতায় স্কাউটার মরহুম এম ওয়াজেদ আলী ব্যাডেন পাওয়েল এর লেখা 'স্কাউটিং ফর বয়েজ' বইটি **বালকদের স্কাউট শিক্ষা** নামে ১৯৫৭ সালে বাংলায় অনুবাদ করেন। পরবর্তীতে বই অনুবাদ কার্যক্রম একটি চলমান কর্মসূচিতে রূপ লাভ করে। অনুবাদের চলমান কর্মসুচির অংশ হিসেবে তরিকুল আলম ও জহুরুল আলম ১৯৫৯ সালে **কাব স্কাউট হ্যান্ডবুক** বইটিকে **কাব স্কাউট শিক্ষা** নামে বাংলায় অনুবাদ করেন। স্কাউট শিক্ষায় মাতৃভাষার গুরুত্ব এবং ব্যবহার নিশ্চিত করার জন্য গৃহিত এই উদ্যোগের মাধ্যমে স্কাউটিংয়ের সাথে সংশ্লিষ্ট ইংরেজিতে লেখা বিভিন্ন বিষয়ের বইগুলিকে বাংলায় রূপান্তর করা হয়।

স্বাধীনতা অর্জনের পর মুহূর্ত থেকে এদেশে স্কাউটিং কার্যক্রম সংগঠিত হতে থাকে এবং ১৯৭২ সালে বাংলাদেশে স্কাউট আন্দোলন পুনঃগঠিত হলে স্কাউটিং সম্প্রসারণের লক্ষ্যে স্কাউটিং সম্পর্কিত পাঠ্য বইয়ের উপর গুরুত্ব আরোপ করা হয়। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশে নতুনভাবে শুরু

করা রোভারিং কার্যক্রমকে সহায়তা প্রদানের জন্য ১৯৭৩ সালে স্কাউটার আ স মু মাকসুদুর রহমান **'রোভার পরিকল্পনা'** নামে বইটির পান্ডুলিপি রচনা করেন। স্বাধীনতা অর্জনের পূর্বে এদেশে স্কাউটিং কার্যক্রমের নীতি, পদ্ধতি ও পরিচালনার জন্য পি.ও.আর (নীতি, সংগঠন ও নিয়ম) নামের বইটি বাংলাদেশের অভ্যুদয়ের পরে কয়েক বছর ব্যবহৃত হওয়ার পর ১৯৭৫ সালে "বাংলাদেশ স্কাউট সমিতি" নামে প্রথমবারের মতো 'গঠনতন্ত্র' প্রকাশিত হয়। অতঃপর ১৯৮৪ সালে "গঠন ও নিয়ম" নামে নতুনভাবে নীতি পদ্ধতির বইটি প্রকাশ করা হয়। স্বাধীন দেশে স্কাউটিং কার্যক্রমকে আরও গতিশীল করার উদ্দেশ্য নিয়ে প্রচলিত স্তরভিত্তিক বইসমূহের তথ্য এবং বাস্তব চাহিদা নিরূপণ করে ১৯৭৮-৭৯ সালে তৎকালীন প্রধান জাতীয় কমিশনার মরহুম নূরুলিসলাম শামসের উদ্যোগে নতুন স্কাউট প্রোগ্রাম নির্ধারণ করে ঐ প্রোগ্রামের আলোকে বয় স্কাউট শাখার বই লেখা হয়। প্রোগ্রাম অনুসারে বইগুলির পান্ডুলিপি প্রণয়ন করেন তৎকালীন রোভার স্কাউট এবং বর্তমানে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার মোঃ আবুল কালাম আজাদ, তৎসময়ে রোভার স্কাউট এবং বর্তমানে জাতীয় কমিশনার (সমাজ উন্নয়ন) মুঃ তৌহিদুল ইসলাম ও তৎকালীন রোভার স্কাউট মোজাহারুল হক মঞ্জু। এসব পান্ডুলিপির ভিত্তিতে নিম্নের শাখাভিত্তিক বইসমূহ প্রকাশিত হয়।

| | |
|---|---|
| **সদস্য ও স্ট্যান্ডার্ড** | ১৯৭৯ |
| **প্রোগ্রেস** | ১৯৮০ |
| **সার্ভিস** | ১৯৮১ |

এই স্তর ভিত্তিক বইসমূহে স্কাউটদের জন্য পালনীয় পারদর্শিতা ব্যাজের প্রোগ্রাম অন্তর্ভুক্ত করা হয়। ফলে স্কাউটরা স্ব স্ব দক্ষতা ব্যাজের প্রোগ্রাম অনুসরণ করে ব্যাজ অর্জন করতে সক্ষম হয়। পরিবর্তনের ধারাবাহিকতায় ১৯৮৭ সালে বয় স্কাউট শাখার স্তরভিত্তিক বইসমূহকে একত্রিত করে **বয় স্কাউট** নামে এটি অখন্ড বই প্রকাশ করা হয়। এই অখন্ড বইটির মধ্য দিয়ে স্কাউটদের নিকট ক্রমোন্নতিশীল স্কাউট প্রোগ্রাম অনুসরণ অধিকতর সহজ করা হয়েছিল। ১৯৮৫ সালে স্কাউট শাখার প্রোগ্রামে আবার পরিবর্তন আনা হয় এবং পারদর্শিতা ব্যাজের কর্মসূচিকে নতুনভাবে বিন্যস্ত করা হয়। এই পর্যায়ে স্কাউট প্রোগ্রামকে আরও বেশী কার্যকরী করার জন্য দক্ষতা ব্যাজ ভিত্তিক আলাদা আলাদাভাবে বই প্রকাশ করা হয়। এই প্রকাশনার ক্ষেত্রে এক সময়ের অত্যন্ত দক্ষ স্কাউট ও রোভার স্কাউটগণ স্ব স্ব অবস্থান থেকে বই সমূহ প্রকাশে সক্রিয় ভূমিকা রাখেন, তার বিবরণ নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| **সদস্য ব্যাজ** | আরিফ বিল্লাহ আল মামুন | ১৯৯৭ |
| **স্ট্যান্ডার্ড ব্যাজ** | মোহাম্মদ রফিকুল ইসলাম খান | ১৯৯৫ |
| **প্রোগ্রেস** | মোঃ আবুল কালাম আজাদ | ১৯৯৬ |
| **সার্ভিস ব্যাজ** | মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া | ১৯৯৬ |

স্কাউট প্রোগ্রাম নবায়নের পাশাপাশি ১৯৯৫ সালের গোড়ার দিক থেকে কাব স্কাউট ও রোভার স্কাউটসের প্রোগ্রাম আধুনিকীকরণের উদ্যোগ নেয়া হয়। কাব স্কাউট ও রোভার স্কাউট শাখার স্তরভিত্তিক বইসমূহের পান্ডুলিপি প্রণেতা ও প্রকাশ সময় নিম্নে উল্লেখ করা হলো ঃ

| | | |
|---|---|---|
| **সদস্য ব্যাজ** | মোঃ আব্দুল ওয়াহাব | ১৯৯৫ |
| **তারা ব্যাজ** | মোঃ আব্দুল্লাহ আল মামুন | ১৯৯৬ |
| **চাঁদ ব্যাজ** | রওশন আরা বিউটি | ১৯৯৭ |
| **চাঁদতারা ব্যাজ** | মোছাম্মৎ জোহরা আক্তার | ১৯৯৭ |
| **রোভার সহচর** | মোফাখখার হোসেন | ১৯৯৭ |
| **সদস্য স্তর** | মোফাখখার হোসেন | ১৯৯২ |
| **প্রশিক্ষণ স্তর** | মোঃ আরিফুজ্জামান | ১৯৯৫ |
| **সেবা স্তর** | আদিল হায়দার সেলিম | ১৯৯৬ |

এছাড়া রোভার স্কাউটদের জ্ঞানকে আরও সমৃদ্ধশালী করার লক্ষ্যে ২০০৪ সালে লর্ড ব্যাডেন পাওয়েল রচিত **রোভারিং টু সাকসেস** বইটি প্রবীণ লিডার ট্রেনার এবং বাংলাদেশ স্কাউটস এর প্রাক্তন জাতীয় কমিশনার

(প্রশিক্ষণ) অধ্যাপক মাহাবুবুল আলম বাংলায় অনুবাদ করেন। স্কাউট আন্দোলনের পরিবর্তনের এই ধারাবাহিকতায় বাংলাদেশ স্কাউটস কর্তৃক চলমান প্রোগ্রামকে যুগের প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ করার চাহিদা অনুভূত হওয়ায় স্কাউট ও রোভার শাখায় ব্যবহৃত প্রোগ্রামকে আরও বেশী আধুনিকীকরনের জন্য ২০০০ সালে তৎকালীন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ হাবিবুল আলম, বীর প্রতীকের নেতৃত্বে পুনরায় উদ্যোগ গ্রহণ করা হয়। এ সময় স্কাউট প্রোগ্রাম ও রোভার প্রোগ্রাম আধুনিকীকরণের জন্য জুবায়ের ইউসুফের তত্ত্বাবধানে স্কাউট প্রোগ্রাম টাস্কফোর্স এবং মোঃ আরিফুজ্জামানের তত্ত্বাবধানে রোভার প্রোগ্রাম টাস্কফোর্স নামে দুটি পৃথক টাস্কফোর্স গঠন করা হয়। এই টাস্কফোর্স দু'টির মাধ্যমে উভয় শাখায় প্রচলিত প্রোগ্রামকে যুগোপযোগী করার জন্য যাত্রা শুরু হয়। এ ক্ষেত্রে তৎসময়ের জাতীয় উপ কমিশনার (প্রোগ্রাম) মুঃ তৌহিদুল ইসলাম, মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া ও কাজী নাজমুল হক প্রোগ্রাম নবায়নে টাস্কফোর্সে দু'টিকে সার্বক্ষণিক সহায়তা প্রদান করেন। এই প্রক্রিয়ায় রোভার স্কাউট প্রোগ্রাম আধুনিকীকরণে রোভার প্রোগ্রাম টাস্কফোর্সের সদস্য সচিব হিসেবে প্রেসিডেন্ট'স রোভার স্কাউট মোঃ জামাল হোসেন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এই টাস্কফোর্স দু'টি প্রোগ্রাম আধুনিকীকরণের জন্য ২০০১ সাল থেকে শুরু করে ২০০৩ সাল পর্যন্ত দেশের বিভিন্ন স্থানে ওয়ার্কশপ, সেমিনার, আলোচনা পর্যালোচনাসহ জাতীয় ও অঞ্চল পর্যায়ে ব্যাপক কার্যক্রম পরিচালনা করেন। এই কার্যক্রমের মাধ্যমে শাখা ভিত্তিক প্রোগ্রাম নবায়ন সম্পর্কিত বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়। এই সকল কর্মকান্ডের মাধ্যমে প্রচলিত প্রোগ্রামে সংযোজন, বিয়োজন, সংশোধন,পরিবর্তন ও পরিমার্জনের উদ্যোগ গ্রহণ করে স্কাউট প্রোগ্রাম এবং রোভার প্রোগ্রামকে যুগের প্রয়োজনীয়তা ও চাহিদার ভিত্তিতে একটি সুনির্দিষ্ট কাঠামোতে পূর্ণতা দেয়া হয়। এই কাঠামোগত পূর্ণতা তৈরির পর উভয় শাখায় অন্তর্ভুক্ত নতুন নতুন বিষয়বস্তু ও ব্যাজের বিস্তারিত ব্যাখ্যা প্রণয়নের জন্য পদক্ষেপ গৃহীত হয়। এই কার্যক্রম চলাকালীন সময়ে কাব স্কাউট ও স্কাউট শাখায় প্রচলিত প্রোগ্রামের ভিত্তিতে প্রণয়নকৃত বই সমূহকে আরও বেশী আকর্ষণীয় ও কার্যকর করার লক্ষ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। এই বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরিমার্জিত আকারে প্রস্তুতকৃত বইসমূহ প্রকাশনায় তৎকালীন প্রধান জাতীয় কমিশনার মুহঃ ফজলুর রহমান সার্বিক সহায়তা দান করেন এবং বর্তমান প্রধান জাতীয় কমিশনার ও তৎসময়ের জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ আবুল কালাম আজাদ বইগুলি সমৃদ্ধ করতে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন।

২০০৪ সালে প্রচলিত বইসমূহ পরিমার্জিত আকারে প্রকাশের কিছুদিন পরেই ২০০৩ সালে প্রণয়নকৃত স্কাউট ও রোভার প্রোগ্রামের কাঠামো দু'টিকে পুনরায় যাচাই বাছাই করার উদ্যোগ নেয়া হয়। এই যাচাই বাছাইয়ের জন্য ২০০৪-২০০৫ সালে অনুষ্ঠিত ইয়ুথ ফোরাম এবং জাতীয় ওয়ার্কশপসহ আয়োজিত আলোচনাসমূহ বর্তমান প্রধান জাতীয় কমিশনার ও তৎসময়ের জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ আবুল কালাম আজাদ এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হয়। এই কার্যক্রম বাস্তবায়নে তাঁকে সহায়তা প্রদান করেন তৎসময়ের প্রোগ্রাম বিভাগে দায়িত্ব পালনকারী জাতীয় উপ কমিশনার সরোয়ার মোঃ শাহরিয়ার, মোঃ মাহমুদুল হক এবং মোঃ মনিরুল ইসলাম খান। এই পর্যায়ে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ সমন্বিত করে ২০০৯ সালে স্কাউট ও রোভার শাখার প্রোগ্রাম চূড়ান্ত করার উদ্যোগ নেয়া হয়। এই উদ্যোগকে কার্যকরী করার লক্ষ্য নিয়ে স্কাউট ও রোভার শাখায় প্রোগ্রাম চূড়ান্তকরণ এবং বই প্রকাশের উদ্দেশ্যে জুবায়ের ইউসুফ ও মোঃ আরিফুজ্জামানকে পৃথকভাবে পুনরায় আহবায়কের দায়িত্ব দিয়ে প্রোগ্রাম চূড়ান্ত করন এবং বই প্রকাশের জন্য দু'টি টাস্কফোর্স গঠন করা হয়। এই টাস্কফোর্স দু'টিতে সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে স্কাউটার স্কাউটার খন্দকার সাদিদ সাঈদ ও মোঃ মাইনুল হক। টাস্কফোর্সের একাধিক পর্যালোচনা বৈঠক ও জাতীয় সদর দফতর এবং জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে চূড়ান্ত পর্যালোচনা ওয়ার্কশপ এর মাধ্যমে স্কাউট ও রোভার প্রোগ্রাম আধুনিকীকরণের কাজটি সম্পন্ন হয়। প্রায় ২৫ বছরের ব্যবহৃত স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রাম নবায়নের জন্য ২০০০ সাল থেকে শুরু ২০০৯ সাল পর্যন্ত গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের জন্য ২০০৯ সালের প্রথম দিকে জাতীয় প্রোগ্রাম কমিটির তৎকালীন সভাপতি মোঃ হাবিবুল আলম, বীর প্রতীক বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেন। তাঁর এই গৃহীত পদক্ষেপের ফলে জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া এর উপস্থাপনায় ০৯ আগস্ট ২০০৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের ৩৮তম বার্ষিক অধিবেশনে উভয় শাখার প্রোগ্রাম অনুমোদিত হয়। নবায়নকৃত স্কাউট ও রোভার প্রোগ্রাম জাতীয় কাউন্সিলে অনুমোদনসহ প্রণয়নকৃত প্রোগ্রামের ভিত্তিতে প্রস্তুতকৃত এই বই প্রকাশে সার্বক্ষণিক সহযোগিতা ও পরামর্শ প্রদান করে প্রধান জাতীয় কমিশনার মোঃ আবুল কালাম আজাদ প্রোগ্রাম সংক্রান্ত কর্মকান্ডের গতিশীলতা বৃদ্ধিকে আরও বেশী মজবুত করেছেন।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | স্কাউট প্রতিজ্ঞা | ৮ |
| ২. | স্কাউট আইন | ৮ |
| ৩. | নবাগত/রোভার সহচর | ১১ |
| ৪. | সদস্য স্তর | ১৬ |
| ৫. | প্রশিক্ষণ স্তর | ৩৪ |
| ৬. | সেবা স্তর | ৪৫ |
| ৭. | বিষয় ও প্রোগ্রাম : আত্ম উন্নয়ন | ৫২ |
| ৮. | প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড | ৭৭ |
| ৯. | রোভার স্কাউট ব্যাজ ও অ্যাপুলেট | ৭৮ |
| ১০. | প্রশিক্ষণ ও কার্যক্রম রেকর্ড | ৭৯ |
| ১১. | স্কাউট পোশাক | ৮০ |
| ১২. | স্কাউট স্কার্ফ | ৮৫ |
| ১৩. | পদ মর্যাদা ব্যাজ | ৮৬ |
| ১৪. | বিভিন্ন মূল্যায়ন গ্রহণের নিয়মাবলী | ৮৮ |
| ১৫. | ব্যাজ পরার নিয়মাবলী | ৮৮ |
| ১৬. | স্কাউট মনোগ্রাম | ৮৯ |
| ১৭. | সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কীম | ৯১ |
| ১৮. | এক নজরে রোভার স্কাউট প্রোগ্রাম | ৯৪ |
| ১৯. | এক নজরে স্কাউট প্রোগ্রাম | ৯৬ |

## স্কাউট প্রতিজ্ঞা

আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে,

- আল্লাহ্ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
- সর্বদা অপরকে সাহায্য করতে
- স্কাউট আইন মেনে চলতে

আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।

(আল্লাহ্ শব্দের পরিবর্তে নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করা যাবে)

## স্কাউট আইন

- স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী
- স্কাউট সকলের বন্ধু
- স্কাউট বিনয়ী ও অনুগত
- স্কাউট জীবের প্রতি সদয়
- স্কাউট সদা প্রফুল্ল
- স্কাউট মিতব্যয়ী
- স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল।

রোভার স্কাউট মটো ঃ সেবা

# রোভার স্কাউট প্রোগ্রাম

১। রোভার স্কাউট ইউনিটে ভর্তির পূর্বে একজন নবাগতকে নিম্নবর্ণিত যোগ্যতা অর্জন করতে হবে ঃ

ক. তাকে গ্রুপ স্কাউট লিডার / রোভার স্কাউট লিডার ও ইউনিট কাউন্সিলের মনোনয়ন লাভ করতে হবে।

খ. যদি সে পূর্বে একজন স্কাউট হয়ে থাকে, তবে রোভার স্কাউট দলে অন্তর্ভূক্তির জন্য তার পূর্বতন স্কাউট দলের স্কাউট লিডারের কাছে থেকে সুপারিশ লাভ করতে হবে।

গ. যদি সে স্কাউট আন্দোলন নবাগত হয় তাহলে তাকে স্কাউটিং সম্পর্কিত ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী ও উন্মুক্ত প্রকৃতির মাঝে জীবনোন্মেষক এবং স্কাউট প্রতিজ্ঞা ও আইন সন্নিবেশিত জীবনধারা গ্রহণে সম্মত হতে হবে।

ঘ. একজন যুবক কলেজ/ মাদ্রাসা/ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সঙ্গে সঙ্গে তাকে রোভার স্কাউট গ্রুপে ভর্তি হতে পারবে। তবে ভর্তির জন্য বয়স কোন অবস্থাতেই ২১ বছরের বেশি হবে না। যাতে করে রোভার স্কাউট দলে অন্তর্ভূক্তির পর ২/৩ বছর সক্রিয়ভাবে রোভারিং করতে পারে এবং ২৫ বছর পর্যন্ত রোভার স্কাউট হিসেবে দলের সঙ্গে জড়িত থাকতে পারে। তবে রেলওয়ে রোভার স্কাউটদের ক্ষেত্রে এ বয়স ৩০ বছর পর্যন্ত হতে পারে।

## রোভার প্রতিজ্ঞা গ্রহণ প্রস্তুতি

ক) রোভার সহচর ঃ একজন তরুণ/তরুণী রোভার স্কাউট দলে ভর্তির পর থেকে রোভার স্কাউট হিসেবে দীক্ষা গ্রহণ করার পূর্ব পর্যন্ত "রোভার সহচর" হিসেবে পরিচিত হবে।

খ) কোন রোভার সহচর সাধারণত ০৩-০৬ মাসের মধ্যে নিজেকে রোভার হিসেবে শপথ গ্রহনের জন্য প্রস্তুত করে নেবে। যদি সে স্কাউট শাখায় প্রোগ্রেস ব্যাজ অর্জন করে থাকে তবে * (স্টার) চিহ্নিত বিষয়গুলি এক মাসে সম্পন্ন করতে পারবে। * (স্টার) চিহ্নিত বিষয়গুলি এক নজরের রোভার স্কাউট প্রোগ্রাম থেকেও বুঝা যাবে।

গ) একজন রোভার সহচরকে প্রশিক্ষণে সহায়তা করার জন্য একজন দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট স্পন্সর হিসেবে নিয়োজিত থাকবে।

**অর্জিত ব্যাজ ও অ্যাওয়ার্ড ঃ**

ক) কাব স্কাউট থাকা কালে অর্জিত ব্যাজগুলি পরা যাবে না, তবে শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জিত হয়ে থাকলে পরা যাবে।

খ) স্কাউট থাকা কালে অর্জিত ব্যাজগুলি পরা যাবে না, তবে প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জিত হয়ে থাকলে পরা যাবে।

গ) শাপলা কাব অ্যাওয়ার্ড বাম বুক পকেটের উপরে; প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জিত হয়ে থাকলে তা স্কাউট শার্টের বাম হাতের কনুই ও কাঁধের মাঝখানে পরিধান করা যাবে।

**স্তর ঃ**

ক) রোভার স্কাউট প্রোগ্রামে তিনটি স্তর আছে। যা সদস্য স্তর, প্রশিক্ষণ স্তর ও সেবা স্তর।

খ) নবাগত বা রোভার সহচর এটি একটি পর্যায়; কোন স্তর নয়।

# নবাগত/ রোভার সহচর

## সময়কাল ঃ ০৩ থেকে ০৬ মাস, বিশেষ ক্ষেত্রে ১ মাস

### বিশেষ জ্ঞান

০১. রোভার স্কাউট প্রোগ্রাম সম্পর্কে ধারণা অর্জন ।*

০২. মাই প্রোগ্রেস ও লগ বই সম্পর্কে ধারণা অর্জন ঃ

ক) মাই প্রোগ্রেস কি ও কিভাবে তা সংরক্ষণ করতে হয় তা জানা ।*

খ) লগ বই কি ও কিভাবে লিখতে হয় তা জানা ।*

**০৩. স্কাউটিং সম্পর্কিত বই, পত্র-পত্রিকা পাঠ ঃ-***

যেমন-বালকদের স্কাউট শিক্ষা, রোভারিং কি ও কেন, ব্যাডেন পাওয়েল, রোভারিং টু সাকসেস, মাসিক অগ্রদূত, প্রোগ্রাম বুলেটিন, ত্রৈ-মাসিক রোভার, নৌ পরিক্রমা ইত্যাদি ।

**০৪. নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা ঃ-**

(ক) স্কাউট প্রতিজ্ঞা, আইন ও মটো*

(খ) স্কাউট সালাম, চিহ্ন ও করমর্দন

(গ) স্কাউট পোশাক ও ব্যাজ*,

(ঘ) জাতীয় সংগীত ও প্রার্থনা সংগীত সম্পূর্ণরূপে জানা ও সুন্দরভাবে গাইতে পারা এবং সম্মান প্রদর্শন করতে পারা

**(ঙ) জাতীয় পতাকা ও স্কাউট পতাকা ঃ**

১) জাতীয় পতাকার সঠিক মাপ ও গঠন প্রণালী, সবুজ ও লাল রংয়ের ব্যাখ্যা, উত্তোলন পদ্ধতি ও সময়, পতাকার প্রতি সম্মান প্রদর্শন করতে পারা ।

২) ইউনিট/ গ্রুপ পতাকা, জেলা রোভার স্কাউট পতাকা, আঞ্চলিক স্কাউটস (নিজ অঞ্চল) পতাকা ও বাংলাদেশ স্কাউটস এর পতাকার মাপ ও গঠন প্রণালী সম্পর্কে জানা ।

### ০৫. স্কাউট আন্দোলনের ইতিহাস ঃ-

ক. ব্যাডেন পাওয়েলের পরিচিত লাভ।

খ. স্কাউটিং এর গোড়ার কথা জানা।

গ. বাংলাদেশে স্কাউটিং সম্পর্কে জানা।

ঘ. বাংলাদেশের রোভার স্কাউটিং এর ক্রমবিকাশ*

ঙ. নিজ রোভার স্কাউট গ্রুপের ইতিহাস জানা*

### ০৬. রোভার স্কাউট গ্রুপ/ইউনিটে শৃংখলাবোধ সম্পর্কে ধারণা ও চর্চা ঃ-

ক. ইউনিট এবং উপদলে একজন রোভারর স্কাউটের অবস্থান ও কার্যাবলী সম্পর্কে জানা*

খ. গ্রুপ/ইউনিটের সদস্যদের সাথে সুশৃঙ্খলভাবে মার্চপাস্ট করতে পারা*

## ব্যবহারিক কাজ

### ০৭. রেকর্ড সংরক্ষণ ঃ-

ক. মাই প্রোগ্রেস বই সংরক্ষণ শুরু করা*

খ. লগ বই লেখা শুরু করা*

(লগ বই লেখা শুরু করতে হবে বিশেষ জ্ঞানের ০১ ক্রমিক থেকে)

### ০৮. ব্যবহারিক কাজ ঃ-

দড়ির দক্ষতা ঃ হুইপিং জানা ও নিম্নোক্ত গেঁরো সমুহ বাঁধতে পারা এবং তাদের ব্যবহার জানা- রিফ নট, শিট বেন্ড, বোলাইন, ক্লোভ হিচ, রাউন্ড টার্ন এন্ড টু হাফ হিচেস, টিম্বার হিচ, ফিসারম্যানস্ নট।

### ক) অনুমান ও পর্যবেক্ষণ

১) দূরত্ব ও উচ্চতা নির্ণয় করার পদ্ধতিসমূহ জানা ও সঠিকভাবে ব্যবহার করতে পারা।

২) কিমস গেম-কণ্ঠস্বর শুনে মানুষ চিনতে পারা, শব্দ শুনে বস্তুর পরিচিতি, ঘ্রাণ নিয়ে বস্ত চেনা, অনুভূতি দিয়ে বস্তু চিনতে পারা ।

৩) দুরত্ব ও উচ্চতা নির্ণয়ের জন্য দু'টি বহুল ব্যবহৃত পদ্ধতি বর্ণনা করতে এবং চিত্র এঁকে এর জ্যামিতিক ধারণাকে প্রমাণ করা ।

**খ) সংকেত অনুসরণ**

১) সাধারণ পথ চলার নিয়মাবলী জানা ।

২) অনুসরক চিহ্ন, হস্ত ও বাঁশির সংকেত বুঝতে পারা ও ব্যবহার করতে পারা ।

৩) পতাকা বহন পদ্ধতি সম্পর্কে জানা*

**০৯. আগুন জ্বালানো ও রান্না**

ক) আগুন জ্বালানোর লাকড়ি (কাঠ) তৈরি করা ও সাজাতে পারা

খ) চুলার জন্য সঠিক স্থান নির্বাচন করে চুলা তৈরি করতে পারা

গ) নিজের উপদলের জন্য খাবার রান্না করতে পারা, যেমন-ভাত মাছ/মাংস, সবজি, ডাল, চা ইত্যাদি ।

১০. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে ৩টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা ।

## ধর্মীয় কার্যাবলী

**১১. নিজ ধর্ম সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা ঃ**

(ক) নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয়সমূহ কি কি তা বলতে পারা ।*

(খ) ব্যক্তি জীবনে ধর্মের অবশ্য পালনীয় বিষয়সমূহ কখন থেকে পালনের কথা বলা হয়েছে তা জানা এবং সে মোতাবেক চর্চা করা ।*

(গ) নিজ নিজ ধর্ম গ্রন্থ দেখে শুদ্ধভাবে পড়তে পারা ।*

## আন্দোলনের সেবা

**১২. স্কাউটিং ও বহিঃ কার্যক্রম ঃ-**

ক. স্কাউটিং ও বহিঃ কার্যক্রম সম্পর্কে ধারণা ।

খ. গ্রুপ/ইউনিট/উপদলের সাথে অন্ততঃ একটি হাইকিংয়ে অংশগ্রহণ করা ।

গ. গ্রুপ/ইউনিট/উপদলের সদস্যদের সাথে অন্ততঃ এক রাতের তাঁবুবাসে অংশগ্রহণ অথবা রোভার স্কাউট লিডারের তত্ত্বাবধানে তাঁবুতে অথবা অন্যত্র রাত্রি যাপন করা ।

## সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য

**১৩. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন ঃ-**

ক. সমাজ সেবা ও সমাজ উন্নয়নের পার্থক্য বুঝতে পারা ।

খ. গ্রুপ/ ইউনিট/ উপদলের সদস্যদের সাথে অন্ততঃ একটি সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ করা ।

**১৪. পরিবেশ সম্পর্কে জ্ঞানার্জন ঃ-**

ক. পরিবেশ কি?

খ. পরিবেশ দূষণের কারণ ও প্রতিকারের উপায় সম্পর্কে জানা ।

**১৫. স্বাস্থ্য পরিচর্যাঃ-**

ক. প্রাথমিক প্রতিবিধান কি? প্রাথমিক প্রতিবিধানকারী কে? প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলী গুলি কি কি?

খ. মানব দেহের সাধারণ গঠন সম্পর্কে জানা । যেমন-কংকাল, মাংসপেশী, শ্বাস-প্রক্রিয়া, রক্ত চলাচল ইত্যাদি ।

গ. নিজ রক্তের গ্রুপ জানা ।*

ঘ. নিরাপদ রক্ত সঞ্চালন সম্পর্কে জানা ।*

ঙ. নিজ গ্রুপের ৩ জন সহ ১০ জন ব্যক্তির রক্তের গ্রুপ ও নাম ঠিকানা সংগ্রহ করা ।*

চ. জ্বর মাপতে পারা ।

১৬. বি.পি-র পিটি গুলো জানা ও চর্চা করা

## আত্ম উন্নয়ন

**১৭. আত্ম উন্নয়ন সম্পর্কে জ্ঞানার্জন ।***

ক. আত্ম উন্নয়ন কি?

খ. আত্ম উন্নয়ন বিভাগ থেকে ব্যাজ বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানা ।

গ. স্বনির্ভর ব্যাজ ও স্কাউট কর্মী ব্যাজ কিভাবে অর্জন করতে হয় সে সম্পর্কে জানা ।

❏ (স্টার) চিহ্নিত বিষয়গুলো স্কাউট শাখায় নূন্যতম প্রোগ্রেস ব্যাজ অর্জনকারী স্কাউটরা নবাগত/রোভার সহচর পর্যায়ে এক মাসে সম্পন্ন করে দীক্ষা গ্রহণ করতে পারে ।

❏ নির্ধারিত ৮ টি ক্রু মিটিং এর অতিরিক্ত এক বা একাধিক বিশেষ ক্রু মিটিং এ অংশগ্রহণ করতে হবে; রোভার সহচর পর্যায়ে নবাগতকে বই পড়ে ও চর্চার মাধ্যমে বেশ কিছু বিষয় শিখতে হবে, যা বিশেষ ক্রু মিটিং এ জানাতে ও প্রদর্শন করতে হবে । (তবে অন্যান্য বিষয়ে তাকে সংশ্লিষ্ট রোভার স্কাউট লিডারকে ধারণা প্রদান করতে হবে ।)

❏ যে সকল বিষয় নিয়মিত ক্রু মিটিং-এ জানার বা শেখার সুযোগ থাকবে না এবং যে বিষয়গুলি ব্যক্তিগতভাবে শিখতে হবে ও জানতে হবে শুধুমাত্র সেই বিষয়গুলির ভিত্তিতেই বিশেষ ক্রু মিটিংয়ের আয়োজন করতে হবে ।

❏ একজন নবাগত/রোভার সহচরকে রোভার স্কাউট হিসেবে দীক্ষা গ্রহণের পূর্বে অবশ্যই আত্মশুদ্ধি বা ভিজিল সম্পন্ন করতে হবে ।

❏ রোভার সহচর পর্যায় শেষ হওয়ার পর লিপিবদ্ধকৃত লগ বই-এ অব্যশই রোভার স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণ করতে হবে । [অনুমোদন ব্যতিত সদস্য স্তরে উত্তীর্ন হওয়া যাবে না ।]

**রোভার স্কাউট ঃ** একজন 'রোভার সহচর' দীক্ষা অভিষেকের মাধ্যমে প্রতিজ্ঞা পাঠ করে 'রোভার স্কাউট' হিসেবে পরিচিত হবে । রোভার স্কাউট লিডার এই দীক্ষা অনুষ্ঠান পরিচালনা করবেন ।

# সদস্য স্তর

## সময়কাল ০৯ থেকে ১২ মাস

### বিশেষ জ্ঞান

**০১. স্কাউটিং সম্পর্কিত বই পত্র-পত্রিকা পাঠ।** যেমন- বাংলাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম, রোভারিং টু সাকসেস, বালকদের স্কাউট শিক্ষা, রোভারিং কি ও কেন, ব্যাডেন পাওয়েল, মাসিক অগ্রদূত, প্রোগ্রাম বুলেটিন, ত্রৈমাসিক রোভার, নৌ পরিক্রমা ইত্যাদি।




**০২. বাংলাদেশ স্কাউটসের রূপরেখা, সাংগঠনিক কাঠামো সম্পর্কে জানাঃ-**

ক. বাংলাদেশ স্কাউটসের প্রশাসনিক বিন্যাস।

খ. বাংলাদেশ স্কাউটসের বিভিন্ন স্তরের সাংগঠনিক কাঠামো এবং গঠন সম্পর্কে জানা।

**০৩. এশিয়া-প্যাসিফিক রিজিয়ন সম্পর্কে জানা ঃ**

এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সদস্য দেশ সমূহের নাম জানা এবং এর কার্যাবলী সম্পর্কে প্রাথমিক ধারণা।

**০৪. বাংলাদেশের কৃষ্টি ও সংস্কৃতির রূপরেখা সম্পর্কে জ্ঞানার্জন ঃ-**

ক. বাঙালী জাতির অভ্যুদয়।

খ. বাংলাদেশের স্বাধীনতার পটভূমি ও বাংলাদেশের অভ্যুদয়।

গ. বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য।

ঘ. ভাষা আন্দোলনের ইতিহাস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য।

ঙ. বাংলাদেশে বসবাসরত যে কোন একটি উপজাতীয় সম্প্রদায়ের ভৌগলিক অবস্থান, জীবন ধারা, সামাজিক, ধর্মীয় ও সাংস্কৃতিক কার্যাবলী।

০৫. বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও স্থাপনা সম্পর্কে জ্ঞানর্জন। যেমন- ষাট গম্বুজ মসজিদ, মহাস্থান গড়, ময়নামতি, পাহাড়পুর (সোমপুর বিহার), সোনারগাঁও, মেহেরপুর, ইত্যাদি।

**০৬. ভাষা শিক্ষা ও যোগাযোগ পদ্ধতি সম্পর্কে জ্ঞানার্জন :-**

ক. ইংরেজিতে কারো সাথে ভাব বিনিময় করতে পারা।

খ. ইংরেজীতে একটি চিঠি লিখতে পারা।

গ. তথ্য যোগাযোগ পদ্ধতি সম্পর্কে জানা (ডাক বিভাগ, ই-মেইল, টেলিফোন প্রভৃতি)।

## ব্যবহারিক কাজ

**০৭. রেকর্ড সংরক্ষণ**

(ক) মাই প্রোগ্রেস বই সংরক্ষণ করা।

(খ) লগ বই লেখা অব্যাহত রাখা।

**০৮. ব্যবহারিক দক্ষতা**

পাইওনিয়ারিং ও দড়ির কাজ :-

১) উল্লেখিত গেঁরোসমূহ সঠিকভাবে বাঁধতে পারা ও তাদের ব্যবহার জানাঃ ড্র হিচ, ফায়ারম্যানস চেয়ার নট, মারলাইন স্পাইক হিচ, ফিসারম্যানস বেন্ড, স্ক্যাফোল্ড হিচ, ম্যানহারনেস হিচ, ক্যাটস প, বোলাইন অন দি বাইট, রোলিং হিচ।

২) উল্লেখিত ল্যাশিং সমূহ বাঁধতে পারা এবং ব্যবহার জানা। যেমন- স্কয়ার ল্যাশিং, ডায়াগোনাল ল্যাশিং, পোল/ শেয়ার ল্যাশিং।

৩) বাঁশ ও দড়ির সাহায্যে ক্যাম্প গ্যাজেট তৈরি করতে পারা।

**কম্পাস ও মানচিত্র পাঠ**

১) একটি সাধারণ কম্পাসের গঠন সম্পর্কে জানা ও কম্পাস ব্যবহার করে দিক নির্ণয় করতে পারা।

২) কম্পাসের সাহায্যে না দিয়ে বায়ু প্রবাহ, চন্দ্র, সূর্য ও আকাশে তারার অবস্থান, মসজিদ, মন্দির, কবরস্থান ইত্যাদির সাহায্যে দিক নির্ণয় করতে পারা ।

৩) মানচিত্রে ব্যবহৃত বিভিন্ন চিহ্ন ও স্কেল সম্পর্কে জানা ।

৪) ফিল্ড বুক তৈরি করতে পারা এবং ফিল্ড বুক অনুযায়ী ম্যাপ তৈরি করতে পারা ।

৫) কম্পাস ও ফিল্ড বুক অনুসরণ করে একটি ভ্রমণে অংশগ্রহণ এবং সময়, আবহাওয়া ও পারপার্শ্বিক অবস্থা ইত্যাদি তথ্য সম্বলিত ভ্রমণ বৃত্তান্তসহ মানচিত্র তৈরি করা ।

**গোপন বার্তা উদ্ধারঃ**

১) টেক্সট, কোড ও সাইফার কি? এ সম্পর্কে ধারণা অর্জন ।

২) গোপন বার্তা উদ্ধারের অন্ততঃ দু'টি নিয়ম রপ্ত করা ।

**বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম ঃ-**

১. কমপক্ষে একজন বিদেশী স্কাউট অথবা স্থায়ীভাবে বিদেশে বসবাসরত বাংলাদেশী স্কাউট অথবা নিজ জেলা বা জেলায় বসবাসরত ব্যতিত অন্য বিভাগের ৩ জেলার ৩ জন স্কাউট/স্কাউটার অথবা উপজাতীয় ২ জন স্কাউটের সাথে নূন্যতম ছয় মাস বন্ধুত্ব গড়ে তোলা এবং ডাক/ফ্যাক্স/ই-মেইল ইত্যাদির মাধ্যমে পত্র আদান-প্রদান করা ।

২. আদান-প্রদানকৃত পত্রের অনূন্য ২টি (২টি আউট গোয়িং ও ইনকামিং) কপি লগ বইয়ে সংযুক্ত করতে হবে ।

৩. চিঠিপত্র অথবা অন্য কোন মাধ্যমে স্কাউট নয় অন্ততঃ এমন একজনকে স্কাউটিংয়ে উদ্বুদ্ধ করা ।

**০৯. কম্পিউটার সম্পর্কে প্রাথমিক জ্ঞানার্জনঃ-**

ক) কম্পিউটারের ইতিহাস জানা ।

খ) Computer এর অপারেটিং সিস্টেম সম্পর্কে ধারণা অর্জন ।

১০. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে ৪টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা। (পূর্বে শেখা ব্যতীত)

**প্রোগ্রাম অনুযায়ী কমপক্ষে যে কোন ১টি বিষয়ে দক্ষতা অর্জনঃ**

০ হাঁস পালন, মুরগী পালন, মৎস্য চাষ, ক্ষেতের পাওয়ার পাম্প মেরামত করা, উন্নত চুলা তৈরি, বায়োগ্যাস প্ল্যান্ট, বক্তৃতা, সম্পাদকের কাজ, দোভাষী, মোটরযান, এ্যামেচার রেডিও, এ্যারো পাইওনিয়ারিং, নৌ-বাহিনী সংগঠন, রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল, কৃষি কর্ম, মৌমাছি চাষ, মাশরুম চাষ, সয়েল টেস্ট, এ্যাকুরিয়ামে মাছ চাষ।

০ (এ্যারো পাইওনিয়ারিং- এয়ার রোভার স্কাউট, নৌ-বাহিনী সংগঠন নৌ রোভার স্কাউট এবং রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল- রেলওয়ে রোভার স্কাউটদের জন্য বাধ্যতামূলক। তবে এয়ার, নৌ বা রেলওয়ে রোভার স্কাউটদের জন্য বাধ্যতামূলক। তবে এয়ার, নৌ বা রেলওয়ে রোভার স্কাউট ব্যতিত অন্য রোভার স্কাউটরা অতিরিক্ত হিসেবে উল্লেখিত বিষয় সম্পর্কে দক্ষতা অর্জন করতে পারবে। একইভাবে এয়ার রোভার স্কাউট, নৌ রোভার স্কাউট ও রেলওয়ে রোভার স্কাউটরা অতিরিক্ত হিসেবে অন্যান্য বিষয়গুলির উপর দক্ষতা অর্জন করতে পারবে)

## দক্ষতা অর্জন বিষয়ের প্রোগ্রাম

### হাঁস পালন

১) আমাদের দেশের আবহাওয়া উপযোগী উন্নতজাতের হাঁস নির্বাচন করতে পারা।

২) হাঁস পালন উপযোগী খাবার তৈরি করতে পারা।

৩) বয়স অনুযায়ী হাঁসের খাবারের পরিমান নির্ধারণ এবং উন্নতমানের খাবার তৈরি করতে পারা।

৪) হাঁসের রোগ সনাক্ত করতে পারা। রোগের কারণসমূহ জানা এবং চিকিৎসা করতে পারা।

৫) মাছের সাথে হাঁসের চাষ সম্পর্কে জানা।

**মুরগী পালন**

১) আমাদের দেশের আবহাওয়া উপযোগী উন্নত জাতের মুরগী নির্বাচন করতে পারা।

২) মুরগী পালন উপযোগী খামার তৈরি করতে পারা।

৩) বয়স অনুযায়ী মুরগীর খাবার তৈরি করতে পারা।

৪) মুরগীর রোগ নির্ণয় করতে পারা ও প্রাথমিক চিকিৎসা করতে পারা।

**মৎস্য চাষ**

১) পুকুর নির্বাচন, সংস্কার ও মাছ চাষের উপযোগী করে তৈরি করা এবং সার প্রয়োগ করতে পারা।

২) মজুদ পুকুর তৈরি করতে পারা।

৩) অধিক বর্ধনশীল ও অল্প সময়ে অধিক উৎপাদনশীল মাছের পোনা নির্বাচন করতে পারা।

৪) মাছের খাবার নির্বাচন ও তৈরি করতে পারা।

৫) মাছের বিভিন্ন প্রকার রোগ ও তার প্রতিষেধক সম্পর্কে জানা।

৬) মাছের খাবারের পরিচর্যা করতে পারা।

৭) মাছ ধরার কৌশল ও প্রয়োজনীয় সতর্কতা সম্পর্কে জানা।

**ক্ষেতের পাওয়ার পাম্প মেরামত করা**

১) বিভিন্ন ধরনের পাওয়ার পাম্প চিনতে পারা।

২) স্যালো ও ডিপ টিউবওয়েলের বিভিন্ন যন্ত্রাংশ সম্পর্কে জানা, খুলে লাগাতে পারা এবং মেশিন স্টার্ট দিতে পারা।

৩) মেশিনের ত্রুটি সনাক্ত করতে পারা এবং ছোট খাটো ত্রুটি মেরামত করতে পারা।

**উন্নত চুলা তৈরি**

১) উন্নত চুলা ও উন্নত চুলার প্রয়োজনীয়তা সম্পর্কে জানা।

২) বিভিন্ন প্রকার দেশীয় এবং উন্নত চুলার নাম বলতে পারা।

৩) উন্নত চুলা তৈরির উপকরণ সম্বন্ধে জানা এবং ক্ষেত্র অনুযায়ী সঠিক মডেল নির্বাচন করতে পারা।

৪) উন্নত চুলার বিভিন্ন অংশের নাম এবং কেন প্রয়োজন তা জানা।

৫) উন্নত চুলা তৈরি ও রক্ষণাবেক্ষণ পদ্ধতি জানা।

৬) দেশীয় চুলা এবং উন্নত চুলার তুলনামূলক সুবিধা ও অসুবিধা জানা।

৭) উন্নত চুলা ব্যবহার পরিবেশ ও স্বাস্থ্যগত সুবিধা সম্বন্ধে জানা।

**বায়োগ্যাস প্লান্ট**

১) বায়োগ্যাস কি এবং কেন?

২) বাংলাদেশ বায়োগ্যাসের সম্ভাবনা সম্বন্ধে জানা।

৩) বায়োগ্যাসের বিভিন্ন মডেল সম্বন্ধে জানা এবং সঠিক মডেল নির্বাচন করতে পারা।

৪) বায়োগ্যাস প্লান্ট তৈরির জন্য প্রয়োজনীয় উপকরণ সম্বন্ধে জানা এবং স্থান নির্বাচন করতে পারা।

৫) স্থিরডোম বায়োগ্যাস প্লান্টের বিভিন্ন অংশের নাম এবং কোন অংশের কি কাজ বলতে পারা।

৬) বায়োগ্যাস  প্লান্ট নির্মাণ এবং চালু করার নিয়মাবলী জানা।

৭) বায়োগ্যাস প্লান্টের রক্ষণাবেক্ষণ ও গ্যাস সরবরাহের নিয়মাবলী জানা।

৮) বায়োগ্যাসের এবং বায়োগ্যাস রেসিডিউ এর ব্যবহার সম্বন্ধে জানা।

৯) বায়োগ্যাসের তুলনামূলক সুবিধা এবং অসুবিধা সম্বন্ধে জানা।

## বক্তৃতা

১) বক্তার গুণাবলীরসমুহ জানা এবং বক্তৃতা দেয়ার সাধারণ কৌশলসমূহ জানা।

২) কোন সভায় সভাপতির দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানা এবং একটি সভা পরিচালনা করতে পারা।

৩) কমপক্ষে ১০ জন শ্রোতার সামনে কোন নির্ধারিত বিষয়ের উপর ৫ মিনিট এবং অনির্ধারিত বিষয়ের উপর ৫ মিনিটের প্রস্তুতি নিয়ে ৩ মিনিট বক্তৃতা দিতে পারা।

## সম্পাদকের কাজ

১) বাংলাদেশ স্কাউটস, আঞ্চলিক স্কাউটস, জেলা স্কাউটস, উপজেলা/ থানা স্কাউটস ও স্কাউট গ্রুপের কার্যাবলী সম্পর্কে সাধারণ জ্ঞান।

২) ইউনিট কাউন্সিল ও প্যাট্রোল কাউন্সিলের কার্যাবলী সম্পর্কে জানা।

৩) সভা আহবান করতে পারা এবং সভার কার্যাবলী লিপিবদ্ধ করতে পারা।

৪) অফিসিয়াল চিঠি ও সার্কুলার লিখতে পারা।

৫) ১০০ শব্দ বিশিষ্ট কোন ইংরেজী বা বাংলা অনুচ্ছেদ ৫ মিনিটে নির্ভুলভাবে টাইপ/কম্পিউটার কম্পোজ করতে পারা।

৬) নিজ ইউনিটের ফাইল ও রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে পারা।

৭) ফাইল নোট লেখার কৌশল জানা।

৮) ব্যাংক একাউন্ট খুলতে পারা এবং হিসাব পরিচালনা করতে পারা।

## দোভাষী

১) মাতৃভাষা ছাড়া যে কোন ভাষায় ৫ মিনিট অন্য লোকের সাথে সহজভাবে কথাবার্তা চালিয়ে যেতে পারা।

২) মূল্যায়নকারী কর্তৃক নির্বাচিত স্কাউটিং বিষয়ের উপর দেড়'শ শব্দ বিশিষ্ট একটা প্রবন্ধ নিজ মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষায় লিখতে পারা।

৩) মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষায় লিখিত যে কোন পত্রিকা বা বই হতে মূল্যায়নকারী কর্তৃক নির্ধারিত অনুচ্ছেদ পরিস্কার ও শুদ্ধ করে পড়তে পারা।

৪) মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষায় লিখিত মূল্যায়নকারী কর্তৃক নির্ধারিত এক অনুচ্ছেদ নিজ মাতৃভাষায় অনুবাদ করতে পারা।

## মোটরযান

(১) নিম্নলিখিত সংকেতসমূহ সম্পর্কে জানা। ট্রাফিক পুলিশ সংকেত, আলোর সংকেত, বাহুর সংকেত, নিষেধমূলক সংকেত, স্ট্যান্ডার্ড বোর্ড সংকেত।

(২) মোটরযান আইনগুলো সম্পর্কে জানা।

(৩) ব্যাটারী, রেডিয়েটরের, মোবিল ও উইপারের কাজ সম্পর্কে জানা।

(৪) ডিপার লাইট জ্বালানোর কারণ সম্পর্কে জানা।

(৫) গাড়ী চালানোর বয়সসীমা কত বলতে পারা।

(৬) জাতীয় গতিসীমা কত বলতে পারা।

(৭) গরম ইঞ্জিনে পানি মারলে কি ক্ষতি হয়? হেড লাইটে কাল রং কেন করা হয়?

(৮) গাড়ীতে ইউরো ইঞ্জিন ব্যবহারের কারণ কি?

(৯) গাড়ী হতে কাল ধোঁয়া নির্গত হওয়ার কারণ কি কি?

## এ্যামেচার রেডিও

১) এ্যামেচার রেডিও সম্পর্কে জানা।

২) সোর্স কোড এবং কিউ কোড সম্পর্কে জানা।

৩) ইন্টারন্যাশনাল ফোনেটিক কি?

৪) বেসিক ইলেকট্রনিক্স সম্পর্কে জানা।

৫) এ্যামেচার রেডিও ব্যবহারের রুলস সম্পর্কে জানা।

৬) যে কোন প্রোগ্রামে এ্যামেচার রেডিওতে অন্ততঃ এক বার কথা বলা।

## এ্যারো পাইওনিয়ার

১) এভিয়েশনের ইতিহাস ( History of Aviation) সম্পর্কে জ্ঞান অর্জন।

২) বিমান সম্পর্কিত সাধারণ তথ্যাবলী জানা।

৩) বিমানের প্রকারভেদ (Types of Air Craft) সম্পর্কে জানা।

৪) বিভিন্ন ধরনের বিমান চিনতে ও পার্থক্য করতে পারা (Air Craft Recognition)।

৫) বিভিন্ন ধরণের (Types) সামায়িক ও বেসামরিক বিমানের চিহ্ন (Logo) দেখে দেশের নাম সঠিক বলতে পারা (কমপক্ষে ১৫ টি দেশের) এবং স্ক্রাপবুক সংরক্ষণ করা।

৬) বাংলাদেশ বিমান বাহিনীর সংগঠন সম্পর্কে জানা।

৭) বাংলাদেশ বিমান বাহিনীর বিমানসমূহ সম্পর্কে জানা এবং সঠিকভাবে চিহ্নিত করতে পারা।

৮) বিভিন্ন ধরনের বিমানের (সঠিক ও বেসামরিক) ছবি সঠিকভাবে আঁকতে পারা (অন্ততঃ ৩টি)।

## নৌবাহিনী সংগঠন

১) নৌ-বাহিনীর ইতিহাস সম্পর্কে জানা।

২) বাংলাদেশ নৌ-বাহিনীর ইতিহাস সম্পর্কে জানা।

৩) বাংলাদেশ নৌ-বাহিনীর ভূমিকা সম্পর্কে জানা।

৪) বাংলাদেশ নৌ-বাহিনীর সাংগঠনিক কাঠামো ও সংক্ষিপ্ত কার্যাবলী সম্পর্কে জানা।

৫) নৌ-বাহিনী ও কোস্ট গার্ডের কাজের ধারা সম্পর্কে জানা।

৬) সশস্ত্র বাহিনীর তুলনামূলক র‍্যাংক সম্পর্কে ধারণা।

৭) নৌ-বাহিনীর সাথে নৌ-স্কাউটিংয়ের সম্পর্ক সমন্ধে জানা।

**রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল**

১) রেলওয়ের বিভিন্ন বৈদ্যুতিক ও হস্ত চালিত সিগনাল সম্পর্কে জানা।

২) সিগনাল দিয়ে ট্রেন থামাতে পারা।

৩) রিলিফ ট্রেনের কাজ এবং প্রয়োজনীতা সম্পর্কে জানা।

৪) কোন দুর্ঘটনায় পতিত ট্রেনের সাহায্যের জন্য রিলিফ ট্রেনে গিয়ে পর্যবেক্ষণ।

৫) বাংলাদেশের রেল ইতিহাস সম্পর্কে জানা।

৬) অনুন্য ৩ দিন রেল স্টেশনে সেবা প্রদান।

**কৃষিকর্মী**

০১. কৃষি যন্ত্রপাতির নাম ও তাদের ব্যবহার সম্পর্কে জানা।

০২. আমাদের প্রধান প্রধান অর্থকরী ফসল ও খাদ্য শস্যগুলি সম্পর্কে জানা।

০৩. কোন মাটিতে কি ধরনের ফসল ভাল হয় তা জানা।

০৪. ফলদ ও বনজ মোট ১০টি বৃক্ষের পরিচিতি সম্পর্কে জ্ঞানার্জন।

০৫. আধুনিক সেচ পদ্ধতি ও এর গুরুত্ব সম্পর্কে জানা।

০৬. ফসল নিড়ানো, কাটা বা মাড়াই করার পদ্ধতি সম্পর্কে জানা।

০৭. ফসলের রোগ বালাই ও প্রতিরোধ করার উপায় সম্পর্কে জানা।

**মৌমাছি চাষ**

১. বিভিন্ন প্রজাতির মৌমাছির নাম ও জীবন পদ্ধতি সম্পর্কে জানা।

২. মৌমাছি চাষের জন্য ব্যবহার্য যন্ত্রপাতির নাম ও ব্যবহার জানা।

৩. মৌমাছি চাষ পদ্ধতি সম্পর্কে জানা।

৪. মৌমাছির চাক থেকে মধু সংগ্রহের কৌশল জানা ও মধু সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে জানা।

৫. মৌমাছির শত্রু চিহ্নিত করে তা ধ্বংস করার উপায় সম্পর্কে জানা।

৬. মৌমাছির খাদ্য উপাদান সম্পর্কে জানা ও খাদ্য যোগানের উৎস জানা।

**মাশরুম চাষ**

১. মাশরুম কি ও কেন?

২. বিভিন্ন জাতের মাশরুম সম্পর্কে জানা।

৩. মাশরুম চাষের সুবিধাজনক দিক সম্পর্কে জানা।

৪. মাশরুম চাষ পদ্ধতি জানা ও চাষঘর প্রস্তত করতে পারা।

৫. মাশরুমের রোগ ও ক্ষতিকর কীট পতঙ্গ সম্পর্কে জ্ঞার্নাজন।

৬. মাশরুম সংরক্ষণ পদ্ধতি জানা।

**সয়েল টেস্ট**

০১. মাটি পরীক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে জ্ঞানার্জন (ভবন নির্মাণের ক্ষেত্রে)

০২. মাটি পরীক্ষার গুরুত্ব সম্পর্কে জানা।

০৩. মাটি পরীক্ষার অপরিহার্যতা সম্পর্কে জানা।

০৪. মাঠ পর্যায়ে ও ল্যাবরেটরী পর্যায়ে পরীক্ষা সম্পর্কে জ্ঞানার্জন।

০৫. ফিল্ড টেস্টের মাধ্যমে কোন ভবন নির্মাণে প্রস্তাবিত ভবনের ফাউন্ডেশন সিলেকশন সম্পর্কিত দিক নির্দেশনা সম্পর্কে জ্ঞানার্জন।

**এ্যাকুরিয়ামে মাছ চাষ**

০১. একটি এ্যাকুরিয়াম মাছ চাষের উপযোগী করে সাজাতে পারা যেমন- কাচের ঘর বা এ্যাকুরিয়াম, ছোট ছোট পাথর, পাম্প, চিকন পাইপ, ফিল্টার, পানি প্রভৃতি।

০২. এ্যাকুরিয়ামে পানির পরিমান ও পানি পরিবর্তন সম্পর্কে জানা।

০৩. এ্যাকুরিয়ামে লাইটের ব্যবহার জানা।

০৪. এ্যাকুরিয়ামে চাষ উপযোগী ১০টি মাছের নাম জানা।

০৫. মাছের খাবার সম্পর্কে জ্ঞানার্জন।

০৬. মাছের রোগ সম্পর্কে জানা ও প্রতিরোধের উপায় জানা।

## ধর্মীয় কার্যাবলী

**১২. ধর্মীয় কার্যাবলী ও মূল্যবোধ ঃ**

(ক) নিজ নিজ ধর্মে পালনীয় বিভিন্ন আচার অনুষ্ঠান সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা।

১) নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয়সমূহ পালনের জন্য সমস্ত নিয়ম-নীতি সম্পর্কে পরিমিত জ্ঞানার্জন ও চর্চা করা।

২) নিজ ধর্ম গ্রন্থের কিছু অংশ মাতৃভাষায় অনুবাদসহ শুদ্ধভাবে মুখস্ত পাঠ করতে পারা।

৩) নিজ ধর্মের বিভিন্ন সময়ে পালনীয় ধর্মীয় অনুষ্ঠান সমূহ কি কি তা জানা এবং অংশগ্রহণ করা। (অন্ততঃ তিনটি)

(খ) "স্কাউট ওন" সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ করা।

## আন্দোলনের সেবা

**১৩. স্কাউটিং ও সেবা কার্যক্রম ঃ**

**(ক) তাঁবু বাস সম্পর্কে জ্ঞানার্জনঃ**

১) তাঁবুবাসের স্থান নির্বাচন করতে পারা।

২) তাঁবুবাসের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত ও দলীয় উপকরণের তালিকা প্রণয়ন করতে পারা।

৩) তাঁবুবাসের সাধারণ নিয়মাবলী জানা।

৪) তাঁবু খাটানো, গোটানো ও যত্ন নিতে পারা।

৫) তাঁবুবাসের জন্য প্রয়োজনীয় গ্যাজেট তৈরি করতে পারা ।

৬) ক্যাম্প ল্যাট্রিন তৈরি করতে পারা ।

৭) বিভিন্ন ধরনের ক্যাম্প কিচেন তৈরি করতে পারা এবং হাড়ি-পাতিল ও খাবারের যত্ন নিতে পারা ।

৮) উপদলের সদস্যদের জন্য বিভিন্ন প্রকার খাদ্য সংগ্রহ, সংরক্ষণ ও প্রস্তুত করতে পারা ।

৯) উপদলের সদস্যদের জন্য তাঁবুবাসের স্থান নির্বাচন প্রোগ্রাম প্রণয়ন, বাজেট তৈরি সহকারে বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করা ।

**(খ) রোভার মেট কোর্সে সাফল্যের সাথে অংশ গ্রহণ ।**

❒ রোভার মেট কোর্স, রোভার কুশলী ব্যাজ অর্জনের পূর্বে করতে পারলে ব্যাজ অর্জন সহজ হবে; তবে তা সম্ভব না হলে পরেও করা যাবে ।

**(গ) রোভার কুশলী ব্যাজ অর্জন ঃ**

রোভার স্কাউট লিডারের লিখিত অনুমতি নিয়ে যথাযথ দায়িত্ব পালন করতে হবে । সেই সাথে নিম্নলিখিত কাজ সম্পাদন করতে হবে ঃ-

১. রোভার স্কাউট গ্রুপের গঠন সম্পর্কে জানা ।

২. ইউনিট কাউন্সিলের গঠন সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ করা ।

৩. নিজ ইউনিটের জন্য ৩ মাসের একটি প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা ।

৪. নিজ উপদলের সদস্যদের সম্পর্কে জানা ।

৫. একটি ক্রু-মিটিংয়ের কার্যপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন নিশ্চিত করা ।

৬. ৪টি ক্রু-মিটিং আয়োজনে প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ সংগ্রহ করা ।

এই ব্যাজ অর্জনের জন্য একজন রোভার স্কাউট 'রোভার মেট কোর্সে' সফলতার সাথে অংশগ্রহণ করে ব্যাজ অর্জন করতে পারলে তা অধিকতর সহায়ক হবে ।

উল্লেখিত কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন হলে রোভার স্কাউট লিডার **"রোভার কুশলী"** ব্যাজ প্রদান করবেন ।

## সমাজ সেবা/ সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য

### ১৪. শিক্ষকতা ব্যাজ অর্জন ঃ



(এই ব্যাজটি ইচ্ছে করলে সেবা স্তরেও অর্জন করা যাবে)

সদস্য স্তরে অথবা সেবা স্তরে উঠার পর একজন রোভার স্কাউটকে এই ব্যাজ অর্জনের জন্য নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবেঃ

ক) জেলা রোভার স্কাউট কমিশনারের অনুমোদন নিয়ে কাজ শুরু করতে হবে ।

খ) প্রয়োজন মনে করলে ০৩-০৬ জন মিলে গ্রুপ করে কাজ করা যাবে।

গ) কাজ শুরু করার পর থেকে অনুন্য ০৩ (তিন) মাস কাজ করতে হবে।

ঘ) কাজ চলাকালীন সময়ে রোভার স্কাউট লিডারকে নিয়মিত অবহিত করতে হবে।

ঙ) কমপক্ষে একজন নিরক্ষরকে অক্ষর জ্ঞান দান করা।

চ) একজন ছাত্র/ছাত্রীকে শ্রেণি শিক্ষাদানে সহায়তা করা (নিজ পরিবারের সদস্য ব্যতিত)

*অথবা*

কমপক্ষে পাঁচজন ছিন্নমুলকে নিয়ে প্রাথমিক শিক্ষাদান (নাম, ঠিকানা, স্বাক্ষর করা, পড়তে পারা ও নূন্যতম লিখতে পারা)।

*অথবা*

ছিন্নমুল স্কুল/বয়স্ক স্কুল/নাইট স্কুল/কমিউনিটি স্কুলে তিন মাস সফলতার সাথে শিক্ষকতা করা।

কাজ চলাকালীন সময়ে লগ বই সংরক্ষণ করা এবং কাজ সম্পন্ন করার পর লগ বই অনুমোদনের জন্য জেলা রোভার স্কাউট কমিশনারের নিকট পেশ করতে হবে।

জেলা রোভার স্কাউট কমিশনার লগ বই অনুমোদন করলে রোভার স্কাউট লিডার মাই প্রোগ্রেস-এ স্বাক্ষর করবেন তবেই ব্যাজ অর্জন সম্পন্ন হবে।

### ১৫. সমাজ সেবা/সমাজ উন্নয়ন

অন্ততঃ ০৩ টি (তিন) সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে নূন্যতম ২৪ ঘন্টা অংশগ্রহণ করা (পূর্বেরটি ব্যতিত)

বিশ্ব সংরক্ষণ বিষয়ে প্রাথমিক জ্ঞানার্জন ঃ

১) বিশ্ব সংরক্ষণের সংজ্ঞা নিরূপণ করতে পারা।

২) গঠনের উপাদান সমূহ কি কি? মানুষের উপর পরিবেশের প্রভাব কি? পরিবেশের ভারসাম্য কিভাবে নষ্ট হয়? এ সম্পর্কে জ্ঞানার্জন।

৩) মাটি, পানি, বায়ু দূষিত হওয়ার প্রধান কারণসমূহ জানা এবং তা দূর করার পদ্ধতি সম্পর্কে জানা।

৪) ২টি ফলদ বৃক্ষ রোপন ও পরিচর্যা।

**১৬. স্বাস্থ্য পরিচর্যা**

**ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে ব্যবহারিক জ্ঞানার্জন ঃ-**

১) সাধারণ ক্ষতের চিকিৎসা করতে পারা। যেমন-হুল ফোটানা, থ্যাতলানো, কাটা ইত্যাদি।

২) প্রাথমিক প্রতিবিধানের কাজে ব্যবহৃত উপকরণসমুহ সম্পর্কে জানা যেমন-ব্যান্ডেজ, স্প্লিন্ট, স্লিং, টুর্নিকেট, প্যাড, ড্রেসিং ইত্যাদি।

৩) অস্থিভংগ কি, বিভিন্ন প্রকার অস্থিভংগ ও তার কারণ, অস্থিভংগের লক্ষণ ও বিভিন্ন প্রকার সাধারণ অস্থিভংগের প্রাথমিক প্রতিবিধান দিতে পারা।

৪) নাক দিয়ে রক্তপাত বন্ধ করতে পারা।

৫) মূর্ছা যাওয়ার প্রাথমিক প্রতিবিধান দিতে পারা।

৬) পোড়া ও দাহের প্রতিবিধান করতে পারা।

৭) ক্ষতস্থানে ড্রেসিং ও ব্যান্ডেজ বাঁধতে পারা।

৮) সর্প দংশনের প্রতিবিধান করতে পারা।

**খ. শিশুর ৭টি মারাত্বক রোগের কারণ ও প্রতিরোধ সম্পর্কে জ্ঞানার্জন।**

**গ. ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে জ্ঞানার্জন।**

১) স্বাস্থ্য পরিচর্যা বলতে কি বুঝি?

২) স্বাস্থ্য পরিচর্যায় একজন ব্যক্তি কিভাবে নিজকে সুস্থ্য রাখতে পারে?

৩) স্যানিটেশন সম্পর্কে ধারণা অর্জন।

**(ঘ) মাদকাসক্তি সম্পর্কে জানা ঃ**

১. মাদক দ্রব্যের ক্ষতিকারক দিক সম্পর্কে জানা ।

২. মাদক সম্পর্কে বন্ধু মহলকে 'না' বলতে পারা ।

**আত্ম উন্নয়ন**

১৭. ইংরেজী ছাড়া অন্য একটি ভাষা (স্পেনিশ, ফ্রান্স, রাশিয়ান, আরবী, জাপনিজ প্রভৃতি) সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করা (যেমন-প্রচলিত কয়েকটি শব্দ, বাক্য, গুরুত্বপূর্ণ কিছু তথ্য জানা ।)

১৮. ক্যারিয়ার প্ল্যানিং কি? প্রয়োজনীয়তা কি? ক্যারিয়ার প্ল্যানিং তৈরি করা ।

১৯. বিশেষ পারদর্শিতা ব্যাজ অর্জন (অনুন্য দেড় বছরের কাজ)ঃ
নিচের যে কোন একটি বিষয়ে **স্বনির্ভর ব্যাজ** অর্জন
কম্পিউটার, পোলট্রি ও মৎস্য চাষ (হাঁস পালন, মুরগী পালন এবং মৎস্য চাষ), ডেইরি ফার্ম, সেলাই কাজ (দর্জির কাজ, এমব্রয়ডারী, হাতের সেলাই, রং ও ছাপার কাজ), বিউটিশিয়ান, শিল্পকলা (সঙ্গীত, যন্ত্র সঙ্গীত, নৃত্য), চিত্র ও কারু শিল্প, পর্যটন কর্মি, ইন্টেরিয়র ডেকোরেশন, সেক্রেটারিয়েল সায়েন্স, স্যাটেলাইট ও টেলিকমিউনিকেশন, আলোকচিত্র শিল্পী, সাংবাদিকতা ইত্যাদি ।
(বিষয় ও প্রোগ্রাম পৃষ্ঠা নং ৫৪)

(খ) নিচের যে কোন একটি বিষয়ে **স্কাউট কর্মী ব্যাজ অর্জনঃ**
প্রাথমিক প্রতিবিধান, পাইওনিয়ারিং, সিগনালিং উদ্ধার কর্মি, হেলথ মোটিভেটর ইত্যাদি । (বিষয় ও প্রোগ্রাম পৃষ্ঠা নং ৬৯)

(স্বনির্ভর ও স্কাউট কর্মী ব্যাজ অর্জনের জন্য উল্লেখিত বিষয়গুলির বাহিরেও ইচ্ছে করলে কোন রোভার স্কাউট অন্য নতুন বিষয় নির্বাচন করতে পারবে । তবে বিষয় নির্বাচনের ক্ষেত্রে তাকে লক্ষ্য রাখতে হবে যাতে বিষয়টি তার বাস্তব জীবনে কাজে লাগে । এক্ষেত্রে বর্তমান বিষয়গুলির প্রোগ্রামের সাথে সামঞ্জস্য রেখে এবং ঐ বিষয়ের বিশেষজ্ঞের সহযোগিতা

নিয়ে নতুন বিষয়টির প্রোগ্রাম তৈরি করে জেলা রোভার স্কাউট কমিশনারের মাধ্যমে প্রোগ্রাম বিভাগ, জাতীয় সদর দপ্তর থেকে অনুমোদন নিতে হবে; এ কাজে রোভার স্কাউটার লিডার ও জেলা রোভার স্কাউট লিডার সম্পৃক্ত থাকবেন)

ক) প্রতিটি বিষয়ের কাজের উপর আলাদা লগবই তৈরি করতে হবে।

খ) কাজ শুরুর পূর্বে রোভার স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট কমিশনারের লিখিত অনুমতি নিতে হবে। কাজ শেষেও জেলা রোভার স্কাউট লিডার ও জেলা রোভারা স্কাউট কমিশনার নিকট লগবই অনুমোদন নিতে হবে।

**স্তর উত্তীর্ণে করণীয় ঃ**

❒ নির্ধারিত ৩০ টি ক্রু মিটিং এর অতিরিক্ত এক বা একাধিক বিশেষ ক্রু মিটিং এ অংশগ্রহণ করতে হবে; সদস্য স্তরের রোভার স্কাউটকে বই পড়ে ও চর্চার মাধ্যমে বেশ কিছু বিষয় শিখতে হবে, যা বিশেষ ক্রু মিটিং এ জানাতে ও প্রদর্শন করতে হবে।

❒ যে সকল বিষয় নিয়মিত ক্রু মিটিং-এ জানার বা শেখার সুযোগ থাকবে না এবং যে বিষয়গুলি ব্যক্তিগতভাবে শিখতে হবে ও জানতে হবে। শুধুমাত্র সেই বিষয়গুলির ভিত্তিতেই বিশেষ ক্রু মিটিংয়ের আয়োজন করতে হবে।

❒ স্তর শেষ হওয়ার পর লিপিবদ্ধকৃত লগ বই-এ অবশ্যই রোভার স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণ করতে হবে।

# প্রশিক্ষণ স্তর

## সময়কাল : ০৯ থেকে ১২ মাস

## বিশেষ জ্ঞান



০১. বিশ্ব স্কাউট সংস্থার প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো এবং কার্যাবলী সম্পর্কে জানা।

০২. বাংলাদেশের প্রচলিত আইন জানা ঃ ট্রাফিক আইনসহ প্রচলিত ০৩টি আইন জানা।

**০৩. বাংলাদেশের স্থানীয় সরকার সম্পর্কে জ্ঞানার্জনঃ**
ইউনিয়ন পরিষদ, পৌরসভা, পৌর কর্পোরেশন, থানা/উপজেলা পরিষদ গঠন ও কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন।

**০৪. জাতিসংঘ সম্পর্কে জ্ঞানার্জনঃ-**

ক) জাতিসংঘের উৎপত্তির কারণ ও উদ্দেশ্য সম্পর্কে জানা।

খ) জাতিসংঘের প্রশাসনিক কাঠামো ও কার্যাবলী সম্পর্কে জানা।

**০৫. বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞানার্জনঃ-**

ক) বাংলাদেশের মৌলিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা নির্ণয় করে প্রতিটি ক্ষেত্রে কমপক্ষে ৩টি কারণ নির্ধারণ করা।

খ) বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে ৫টি সুপারিশ প্রণয়ন।

গ) জাতীয় বাজেট কি তা জানা।

## ব্যবহারিক কাজ

**০৬. রেকর্ড সংরক্ষণ ঃ**

(ক) আমার স্কাউট রেকর্ড বই সংরক্ষণ করা।

(খ) লগ বই লিপিবদ্ধ করণ অব্যাহত রাখা।

**০৭. ব্যবহারিক দক্ষতাঃ**

ক. কমপক্ষে ২টি পাইওনিয়ারিং প্রজেক্ট তৈরি করা

খ. সাঁতার জানাঃ (যেমন-সাধারণ সাঁতার, বুক সাঁতার, প্রজাপতি সাঁতার, চিৎ সাঁতার)

গ. বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম চালু রাখা।

**০৮. Computer সম্পর্কে জ্ঞানার্জনঃ**

MS Office (Word, Power Point), E-mail সম্পর্কে জানা।

০৯. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে ৪টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা। (পূর্বের শেখা গান ছাড়া)

**১০. প্রোগ্রাম অনুযায়ী যে কোন একটি বিষয়ে দক্ষতা অর্জন ঃ**

বৈদ্যুতিক কাজ, কম্পিউটার হার্ডওয়ার, আগুন নেভানো, উদ্ধার কাজ, জনস্বাস্থ্য কর্মি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, মা ও শিশুর যত্ন, নার্সিং, সাংবাদিকতা, ক্রাইম প্রিভেনশন, বিমান শিক্ষানবীশ, শীপস নলেজ, রেল পরিচালক।

(বিমান শিক্ষানবীশ-এয়ার রোভার স্কাউট, শীপ নলেজ-নৌ রোভার স্কাউট এবং রেলওয়ে পরিচালক-রেলওয়ে রোভার স্কাউটদের জন্য বাধ্যতামূলক। তবে অন্যান্য রোভার স্কাউটরা অতিরিক্ত হিসেবে উল্লেখিত বিষয় সম্পর্কে দক্ষতা অর্জন করতে পারবে। তেমনিভাবে এয়ার রোভার স্কাউট, নৌ রোভার স্কাউট ও রেলওয়ে রোভার স্কাউটরা অতিরিক্ত হিসেবে অন্যান্য বিষয়গুলির উপর দক্ষতা অর্জন করতে পারবে)

**দক্ষতা অর্জন বিষয়ের প্রোগ্রাম বৈদ্যুতিক কাজঃ**

১) বৈদ্যুতিক কাজে ব্যবহৃত বিভিন্ন একক (Unit) সমূহের নাম ও পরিমাপ জানা।

২) বৈদ্যুতিক কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামের নাম ও ব্যবহার জানা।

৩) বিভিন্ন প্রকার বিদ্যুতের পার্থক্য ও ব্যবহার বুঝতে পারা।

১৩. খাবার স্যালাইন তৈরি করতে পারা এবং ১০ জনকে খাবার স্যালাইন তৈরি করা শেখানো।

১৪. রক্ত স্বল্পতা বলতে কি বুঝায়?

১৫. চোখ হলুদ ও প্রস্রাব হলুদ হলে কি রোগের লক্ষণ বলে মনে হয় তা বলতে পারা।

১৬. খাদ্য কি? আমরা কেন খাদ্য খাই? খাদ্যের মধ্যে কি কি উপাদান বিদ্যমান থাকে তা জানা।

১৭. জ্বর কি? টাইফয়েড জ্বর বলতে কি বুঝি? টাইফয়েড জ্বর কিসের মাধ্যমে ছড়ায় তা জানা।

১৮. থার্মমিটারের সাহায্যে জ্বর মাপতে পারা এবং অন্ততঃ ০৩ জন রোভার স্কাউট ও ০২ জন প্রতিবেশীকে থার্মমিটারের সাহায্যে জ্বর মাপা শেখানো।

১৯. কয়েকটি সাধারণ রোগের নাম বলতে পারা।

২০. ইপিআই কি? শিশুদের কি কি টিকা দিতে হয়; একটি টিকা দিবসের কর্মসূচিতে সম্পৃক্ত থেকে কাজ করা।

২১. বহুমূত্র রোগ বলতে কি বুঝায় তা জানা। কিসের অভাবে বহুমূত্র রোগ হয়।

২২. হাইপারটেনশন বলতে কি বুঝায় তা জানা।

২৩. যক্ষ্মা কি? যক্ষ্মা রোগের জীবানুর নাম কি তা জানা।

২৪. এইডস কি? এইচআইভি বলতে কি বুঝ তা জানা।

২৫. খাবার থেকে আমরা সাধারণত কি কি উপাদান পাই।

২৬. ভিটামিন 'এ'এর অভাবে কি রোগ হয়।

২৭. ভিটামিন 'সি' এর অভাবে কি রোগ হয়।

২৮. প্রেসার মাপতে পারা ও অন্ততঃ ০২ জনকে প্রেসার মাপা শেখানো।

২৯. ইঞ্জেকশন দিতে পারা।

৩০. স্বাস্থ্য বিষয়ক যে কোন মেয়াদি অন্ততঃ একটি প্রশিক্ষণে অংশগ্রহণ করা।

৩১. উল্লেখিত স্বাস্থ্য বার্তার মধ্য থেকে অন্ততঃ ০৭টি বার্তা মানুষের নিকট পৌঁছানো।

৩২. নিকটস্থ স্বাস্থ্য সেবা কেন্দ্র ও হাসপাতালের ঠিকানা ফোন নং ও ই-মেইল জানা।

৩৩. অন্ততঃ ০৩ জন ডাক্তারের ফোন নং জানা এবং অন্ততঃ ০১ জন ডাক্তারের সাথে পরিচয় থাকা।

# প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড




প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য একজন রোভার স্কাউটকে নিম্নলিখিত কার্যক্রম সম্পাদন করতে হবে ঃ-

০১. নবাগত/ রোভার সহচর পর্যায় যথাযথভাবে সম্পন্ন করে আত্মশুদ্ধি বা ভিজিলের মাধ্যমে দীক্ষা গ্রহণ করতে হবে।

০২. সদস্য স্তর থেকে সেবা স্তর পর্যন্ত দক্ষতার সাথে প্রোগ্রাম অনুযায়ী স্তর অতিক্রম করতে হবে, সেই সাথে যথাযথভাবে লগবই ও মাই প্রোগ্রেস (সংরক্ষন) সুসম্পন্ন রাখতে হবে।

০৩. নবাগত/ রোভার সহচর পর্যায় থেকে সেবা স্তর পর্যন্ত বিষয় ও ব্যাজগুলি পুনঃপাশ করতে হবে। অতঃপর রোভার স্কাউট প্রোগ্রাম অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন ও যোগ্যতা অর্জনের পর ফরমে বর্ণিত নিয়মানুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জাতীয় সদর দফতরে সুপারিশ পাঠাবে।

০৪. সেবা স্তর থেকে জাতীয় পর্যায়ে মূল্যায়নের মধ্যবর্তী সময়ে কাব স্কাউট/ স্কাউট লিডার অ্যাডভান্স কোর্সে অংশগ্রহণ করতে হবে।

০৫. সদস্য স্তর থেকে সেবা স্তর পর্যন্ত সময়ের মধ্যে স্কীল কোর্সে অর্ন্তভূক্ত বিষয়গুলি সম্পর্কে পর্যাপ্ত দক্ষতা অর্জন করতে হবে, দক্ষতা অর্জিত হলে একজন লিডার ট্রেনার অথবা সহকারী লিডার ট্রেনার-এর কাছে তিন ঘন্টাব্যাপী (দক্ষতা যাচাই-বাছাই) পর্যালোচনায় অবতীর্ণ হয়ে তা উত্তীর্ণ হতে হবে। জেলা রোভার স্কাউট লিডার বিষয়টি সম্পর্কে জানবেন; তবেই স্কীল কোর্সের কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে।

০৬. জাতীয় সদর দফতর কর্তৃক সরবরাহকৃত অ্যাওয়ার্ড সুপারিশ ফরম সংগ্রহ ও তা পূরণ করে লগ বই এবং মাই প্রোগ্রেস রোভার স্কাউট গ্রুপে মূল্যায়নের জন্য প্রদান করতে হবে, অতঃপর জেলা রোভার স্কাউট, আঞ্চলিক স্কাউট এবং জাতীয় সদর দপ্তর-এর চূড়ান্ত মূল্যায়নে অবতীর্ণ হতে হবে। উল্লেখিত

পর্যায়গুলি সুসম্পন্ন করে সফলতা লাভ করলেই প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন প্রক্রিয়া সম্পন্ন হবে।

০৭. এ ক্ষেত্রে জাতীয় সদর দফতর অ্যাওয়ার্ড প্রাপ্তি সম্পর্কে প্রোগ্রামে ও অ্যাওয়ার্ড সুপারিশ ফরমে বর্ণিত নিয়মানুযায়ী যাচাই পূর্বক দক্ষ ও যোগ্যতাসম্পন্ন রোভার স্কাউটকে অ্যাওয়ার্ড মঞ্জুর ও প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

০৮. প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড সনদে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, সভাপতি ও প্রধান জাতীয় কমিশনার এর স্বাক্ষর থাকবে এবং মহামান্য রাষ্ট্রপতি আনুষ্ঠানিকভাবে এ অ্যাওয়ার্ড বিতরণ করবেন।

০৯. প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী রোভার স্কাউট তার স্কাউট পোশাকের শার্টের কাঁধে অ্যাওয়ার্ড সম্বলিত শোল্ডার অ্যাপুলেট পড়বে।

১০. এ অ্যাওয়ার্ড অর্জনকারী রোভার স্কাউট মেয়ে তার কামিজের কাঁধে অ্যাওয়ার্ড সম্বলিত শোল্ডার অ্যাপুলেট পরবে।

## রোভার স্কাউট ব্যাজ ও অ্যাপুলেট

### যোগ্যতা ব্যাজ

১। একজন রোভার সহচর রোভার হিসেবে দীক্ষা গ্রহণের পর স্কাউট শার্টের বাম বুক পকেটের মাঝখানে সদস্য ব্যাজ পরিধান করবে এবং কাঁধে সোল্ডার অ্যাপুলেট পরিধান করবে।

২। প্রশিক্ষণ স্তর ও সেবা স্তরে যোগ্যতা অর্জিত হলে পূর্বেকার সোল্ডার অ্যাপুলেট খুলে সেই জায়গায় যথাক্রমে এক লাল দাগ এবং দুই লাল দাগ সম্বলিত সোল্ডার অ্যাপুলেট পরিধান করতে হবে।

৩। প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জিত হলে কাঁধের দুই লাল দাগ সম্বলিত সোল্ডার অ্যাপুলেট খুলে ফেলে সে স্থানে প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড পরিধান করতে হবে।

### দক্ষতা ব্যাজ/ পারদর্শিতা ব্যাজ

১। রোভার স্কাউট পারদর্শিতা ব্যাজসমূহ অর্জিত হলে তা জেলা রোভার স্কাউট কমিশনারের অনুমোদন সাপেক্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) স্কাউট শার্টের ডান হাতের কাঁধ ও কনুইয়ের মাঝখানে পরিধান করতে হবে।

## প্রশিক্ষণ ও কার্যক্রম রেকর্ড

### লগ বুক

- একজন নবাগত রোভার স্কাউট ইউনিটে যোগদানের পর থেকে তার সকল প্রকার প্রশিক্ষণ ও কার্যক্রমে রেকর্ড লগ বইয়ে সংরক্ষণ করবে।
- রোভার স্কাউট লিডার বিভিন্ন সময়ে এ নোট ও রেকর্ড প্রয়োজনীয় মূল্যায়ন গ্রহণের জন্য রোভার স্কাউটের কাছে চাইতে পারবেন এবং এতদসংক্রান্ত বিষয়ে উল্লেখিত নোট ও রেকর্ড লিপিবদ্ধ করবেন (যা একজন রোভার স্কাউট ব্যক্তিগত লগ বুকে সংরক্ষিত থাকবে)।
- রোভার স্কাউট ইউনিটে, জেলা স্কাউটস, আঞ্চলিক স্কাউটস ও জাতীয় সদর দপ্তরের বিভিন্ন মূল্যায়নে এ লগ বুক ব্যক্তিগত রোভার স্কাউট কার্যক্রমের রেকর্ড হিসেবে বিবেচিত হবে।
- প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকালে একজন রোভার ইউনিটে যোগদানের পর থেকে রোভার প্রোগ্রামের উপর সম্পাদিত কার্যাবলি ও অর্জিত জ্ঞান এবং দক্ষতার রেকর্ড সম্বলিত লগ বই রোভার ইউনিট, জেলা স্কাউটস, আঞ্চলিক স্কাউটসের মাধ্যমে জাতীয় সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং তা অনুমোদনের পর ঐ লগ বই জাতীয় সদর দপ্তর কর্তৃক সংরক্ষিত থাকবে।

### মাই প্রোগ্রেস

১। একজন নবাগত নিজ ইউনিটে যোগদানের পর থেকে রোভার স্কাউট প্রোগ্রাম অনুযায়ী প্রশিক্ষণ লাভ করবে। বিষয়গুলির উপর রোভার স্কাউট লিডার মূল্যায়ন করবেন; এতে উত্তীর্ণ হলে তিনি (রোভার স্কাউট লিডার) মাই প্রোগ্রেস বইটিতে স্বাক্ষর করবেন। এভাবে 'মাই প্রোগ্রেস' বইটি যথাযথভাবে পূরণ করে নিজের কাছে (রোভার স্কাউট) রাখবে যাতে প্রয়োজনে সে রেকর্ড বইটি প্রদর্শন করতে পারে।

২। রোভার সহচর পর্যায় থেকে প্রতিটি স্তরের কাজ লগবুকে লিপিবদ্ধ করার মাধ্যমে সম্পন্ন করে অবশ্যই রোভার স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তী স্তরে উত্তীর্ণ হতে পারবে না।

## একজন রোভার স্কাউট এর 'লগ বই' প্রণয়নে আবশ্যিকভাবে অনুসরনীয় বিষয়সমূহঃ

বই আকারে সুনির্দিষ্ট কোন নমুনা থাকা লগবইয়ের ধারণাকে নিয়ন্ত্রণ (প্রভাবিত) করতে পারে। ফলে রোভার স্কাউটরা তাদের সৃজনশীলতা স্বাধীনভাবে প্রকাশের সুযোগ থেকে বঞ্চিত হবে। সে কারনে একজন রোভার স্কাউট যেন স্বাধীনভাবে লগ বই তৈরি করতে পারে সে লক্ষ্যে লগবই প্রণয়নের সময় নিম্নলিখিত কয়েকটি বিষয়ে প্রদত্ত নির্দেশনাকে (গাইড লাইন) হিসেবে অনুসরণ করা যেতে পারে ঃ

১) রোভার স্কাউট হিসেবে যোগদানের লক্ষ্যে ইউনিটে অর্ন্তভূক্তির সাথে সাথে রোভার স্কাউট প্রোগ্রাম অনুযায়ী নিজের সকল কার্যক্রমের তথ্য সংরক্ষনের জন্য প্রত্যেককে প্রথমদিন থেকেই "লগ বই" নিয়মিত ভাবে লিপিবদ্ধ করতে হবে।

২) লগ বই সংক্ষিপ্ত হতে হবে, তাতে রোভার স্কাউট প্রোগ্রাম অনুসরণ করে ধারাবাহিকভাবে কাজের তথ্য লিপিবদ্ধ করতে হবে।

৩) সম্পূর্ণ লগ বইয়ের মধ্যে নূন্যতম ষাট ভাগ বিবরণ নিজ হাতে এবং অবশিষ্ট অংশ নিজে কম্পিউটার কম্পোজ করে লেখা যাবে। আবার সম্পূর্ণ লগ বইটিও স্ব হস্তে লেখা যাবে। কিন্তু চল্লিশ শতাংশের বেশী অংশ কম্পিউটার কম্পোজ করে অন্তর্ভূক্ত করা যাবে না।

৪) ক্রু মিটিং-এর কার্যক্রম থেকে খসড়াভাবে তথ্য নিয়ে পরবর্তীতে রোভার স্কাউট প্রোগ্রাম অনুয়ায়ী চুড়ান্তভাবে লগ বই লিখতে ও এতে তথ্য অন্তর্ভূক্ত করতে হবে।

৫) লগ বইয়ের উভয় পাতায় লেখা যাবে, এক দিকে লিখলেও চলবে। তবে তথ্য অন্তর্ভূক্তি অবশ্যই পরিচ্ছন্ন হতে হবে। প্রতিটি স্তরের বিবরণ লেখা ও তথ্য প্রদানের পর রোভার স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট লিডারসহ প্রয়োজনে অন্য স্কাউটারদের মতামত প্রদানের জন্য কিছু জায়গা খালি রাখতে হবে।

৬) লগ বই লেখার সময় উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণের সাথে ছবি অন্তর্ভূক্ত করতে হবে। এ ক্ষেত্রে কোর্সে অংশগ্রহণসহ বিভিন্ন ব্যাজ অর্জন কার্যক্রমের ছবি অবশ্যই লগ বইয়ে সন্নিবেশিত করতে হবে। অপ্রয়োজনীয় অর্থাৎ

রোভার স্কাউট প্রোগ্রামের সাথে সংশ্লিষ্ট নয় এমন কোন ছবি লগ বইয়ে অন্তর্ভূক্ত করা যাবে না ।

৭) রোভার স্কাউট প্রোগ্রাম অনুসরণের ক্ষেত্রে বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় পত্র যোগাযোগ, প্রাপ্ত সনদ, পত্রিকার সংবাদ ইত্যাদি তথ্য লগ বইয়ের যথাস্থানে অন্তর্ভূক্ত করতে হবে । তবে অপ্রয়োজনীয় কোন তথ্য লগ বইয়ে অন্তর্ভূক্ত করা হলে পরবর্তীতে মান যাচাইয়ের সময় ঐ লগ বইটি যথাযথ মান অর্জন থেকে বঞ্চিত হবে ।

৮) লগ বইয়ের যথাযথ মান নিশ্চিত করার লক্ষ্যে ইউনিটে রোভার স্কাউট লিডারগণ নিয়মিতভাবে প্রত্যেক রোভার স্কাউটের লগ বই দেখবেন । এ ক্ষেত্রে প্রতি মাসে অন্ততঃ পক্ষে একবার করে লগ বই যাচাই করা যেতে পারে এবং যাচাই শেষে রোভার স্কাউট লিডার যাচাইকৃত লগ বইয়ে পর্যায়ক্রমে অনুস্বাক্ষর প্রদান করবেন ।

৯) রোভার স্কাউট প্রোগ্রামের প্রত্যেকটি পর্যায় ও স্তরের কার্যক্রম সম্পূর্ণভাবে সম্পন্ন না করে পরবর্তী স্তরের কার্যক্রম শুরু করা যাবে না । প্রতি স্তরের কার্যক্রমের তথ্য লগ বইয়ে ধারাবাহিকভাবে অন্তর্ভূক্ত করার সাথে সাথে 'মাই প্রোগ্রেস' এর মধ্যে ঐ স্তরের অংশটুকু পূরণ করতে হবে ।

## স্কাউট পোশাক

### ০১. রোভার স্কাউট (ছেলে)

ক. টুপি ঃ নেভী ব্লু রংয়ের পিক যুক্ত টুপি ।

খ. শার্ট ঃ ছাই (অ্যাশ) রংয়ের অ্যাপুলেটসহ দুই পকেটওয়ালা ঢাকনাযুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল হাতা শার্ট ।

গ) প্যান্ট ঃ স্ট্রেট কাট গাঢ় নেভি ব্লু রংয়ের ফুলপ্যান্ট নিচের মুহুরি ৪০- ৪৫ সে.মি. হবে ।

ঘ) বেল্ট ঃ বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম সম্বলিত Buckle ওয়ালা চামড়া/কাপড়ের বেল্ট ।

ঙ) শোল্ডার অ্যাপুলেট ঃ দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট দুই কাঁধের পেটিতে দক্ষতা অ্যাপুলেট পরবে ।

চ. জুতা ঃ কালো রংয়ের জুতা ।

ছ. মোজা ঃ প্যান্টের সঙ্গে মানানসই মোজা ।

জ. স্কার্ফ ঃ জেলা রোভার কর্তৃক গ্রুপের জন্য অনুমোদিত স্কার্ফ ।

ঝ. গ্রুপ পরিচিতি ব্যাজ ঃ ডিম্বাকৃতির সবুজ পটভূমিতে লাল রংয়ে লেখা (স্ক্রীনপ্রিন্ট/অ্যাম্বয়ডারী গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের উভয় হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নিচে পরতে হবে ।

ঞ. নাম ফলক ঃ হাল্কা নীল রংয়ের পটভূমিতে গাঢ় নীল রংয়ের রেজিস্ট্রেশন নম্বরসহ কাপড়ের নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে ।

ট. জাতীয় পতাকার রেপলিকা ঃ স্কাউট শার্টের ডান বুক পকেটের নাম ফলকের ওপরে দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট জাতীয় পতাকার রেপলিকা পরবে । রেপলিকা পরার সময়ে এর অগ্রভাগ বামদিকে রেখে সেলাই করে পরতে হবে ।

## ০২. রোভার স্কাউট (মেয়ে)

ক. টুপি ঃ নেভী ব্লু রংয়ের পিকযুক্ত টুপি ।

খ. কামিজ ঃ ছাই রংয়ের লম্বা কামিজ (হাঁটুর চার আঙ্গুল নিচ পর্যন্ত) দুই কাঁধে অ্যাপুলেট পরার জন্য পেটি থাকবে ।

গ. ওড়না ঃ গাঢ় নেভী ব্লু রংয়ের ওড়না ।

ঘ. পায়জামা ঃ গাঢ় নেভী ব্লু রংয়ের পায়জামা ।

ঙ. জুতা ঃ কাল রংয়ের জুতা ।

চ. মোজা ঃ পাজামার সঙ্গে মানানসই মোজা ।

ছ. শোল্ডার অ্যাপুলেট ঃ দীক্ষাপ্রাপ্ত রোভার দুই কাঁধের পেটিতে দক্ষতা অ্যাপুলেট পরবে ।

জ. স্কার্ফ ঃ জেলা রোভার স্কাউট কর্তৃক গ্রুপের জন্য অনুমোদিত স্কার্ফ ।

ঝ. গ্রুপ পরিচিতি ব্যাজ ঃ ডিম্বাকৃতির সবুজ পটভূমিতে লাল রংয়ে লেখা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ কামিজের উভয় হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নিচে পরতে হবে ।

ঞ. নাম ফলক ঃ হালকা নীল রংয়ের পটভূমিতে গাঢ় নীল রংয়ের রেজিস্ট্রেশন নম্বরসহ লেখা কাপড়ের নিজ নাম ফলক ডান বাঁধ থেকে সামনের দিকে ১২ সেঃমিঃ নিচে সেলাই করে পরতে হবে।

ট. জাতীয় পতাকার রেপলিকা ঃ নাম ফলকের ওপরে দীক্ষা প্রাপ্ত রোভার স্কাউট জাতীয় পতাকার রেপলিকা পরবে। রেপলিকা পরার সময়ে এর অগ্রভাগ বামদিকে রেখে সেলাই করে পরতে হবে।

## ০৩. এয়ার রোভার স্কাউট পোশাক (ছেলে)

ক. টুপি : গাঢ় নীল রংয়ের এয়ার স্কাউট টুপি, মাঝখানে এয়ার রোভার লেখা মনোগ্রাম থাকবে।

খ. শার্ট ঃ আকাশি রংয়ের ঢাকনাযুক্ত দুই পকেটওয়ালা (মাঝখানে প্লেটসহ) হাফ/ফুল হাতা শার্ট।

গ. প্যান্ট ঃ গাঢ় নীল রংয়ের স্ট্রেট কাট ফুল প্যান্ট নিচের মহুরি ৪০-৪৫ সেঃমিঃ হবে।

ঘ. বেল্ট ঃ এয়ার স্কাউটসের মনোগ্রাম খচিত বিশিষ্ট কালো চামড়া/গাঢ় নীল রংয়ের কাপড়ের বেল্ট।

ঙ. মোজা ঃ গাঢ় নীল রংয়ের মুজা।

চ. জুতা ঃ কালো রংয়ের (ফিতাযুক্ত) চামড়ার জুতা।

ছ. স্কার্ফ ঃ জেলা এয়ার স্কাউটস কর্তৃক অনুমোদিত গ্রুপ স্কার্ফ।

জ. শোল্ডার অ্যাপুলেট ঃ কাঁধের পেটিতে দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট এয়ার স্কাউটসের মনোগ্রামসহ রোভার লেখা শোল্ডার অ্যাপুলেট পরবে।

ঝ. গ্রুপ পরিচিতি ঃ ডিম্বাকৃতির সাদা পটভূমিতে কালো রংয়ের লেখা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের উভয় হাতার উপরে অঞ্চল পরিচিতি ব্যাজের নিচে পরবে।

ঞ. নামফলক ঃ হালকা নীল রংয়ের পটভূমিতে গাঢ় নীল রংয়ের রেজিস্ট্রেশন নম্বরসহ লেখা কাপড়ের নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের উপরে পরতে হবে।

ট. জাতীয় পতাকার রেপলিকা ঃ ডান বুক পকেটের নাম ফলকের ওপরে দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট জাতীয় পতাকার রেপলিকা পরবে। রেপলিকা পরার সময়ে এর অগ্রভাগ বামদিকে রেখে সেলাই করে পরতে হবে।

## ০৪. এয়ার রোভার স্কাউট পোশাক (মেয়ে)

ক. আকাশি রংয়ের লম্বা কামিজ (হাঁটুর চার আঙ্গুল নিচ পর্যন্ত) দুই কাঁধে অ্যাপুলেট পরার জন্য পেটি থাকবে।

খ. গাঢ় নীল রংয়ের পাজামা/প্যান্ট ও ওড়না, কাল রংয়ের জুমা, নীল/কালো রংয়ের মোজা এবং ০৩নং এর ক, ঘ, ছ, জ, ঝ, ঞ, ট এর বর্ণনা অনুযায়ী টুপি, বেল্ট, স্কার্ফ, শোল্ডার অ্যাপুলেট, গ্রুপ পরিচিতি, নামফলক এবং ডান কাঁধ থেকে সামনের দিকে ১২ সেঃমিঃ নীচের নাম ফলক ও তার ওপরে জাতীয় পতাকার রেপলিকা সেলাই করে পরতে হবে।

## ০৫. নৌ রোভার পোশাক (ছেলে)

ক. টুপি ঃ সাদা রংয়ের নৌ স্কাউট টুপি/ডাক ক্যাপ বা জকি ক্যাপ কাল রিবনের সঙ্গে সাদা জরির "নৌ স্কাউট" মনোগ্রামসহ নৌ রোভার লেখা থাকবে।

খ. শার্ট ঃ গাঢ় নীল রংয়ের দুই পকেটওয়ালা হাফ/ফুল হাতা শার্ট, দুই কাঁধে অ্যাপুলেট পরার জন্য পেটি থাকবে।

গ. প্যান্ট ঃ স্ট্রেট কাট গাঢ় নীল রংয়ের ফুল প্যান্ট নিচে মহুরি ৪০-৪৫ সেঃমিঃ হবে।

ঘ. বেল্ট ঃ নৌ স্কাউটসের মনোগ্রাম খচিত Buckle বিশিষ্ট নাইলন বা কাপড়ের বেল্ট।

ঙ. জুতা ঃ কালো রংয়ের (ফিতাযুক্ত) চামড়ার জুতা।

চ. মোজা ঃ নীল/কালো মোজা।

ছ. স্কার্ফ ঃ জেলা নৌ স্কাউটস কর্তৃক অনুমোদিত গ্রুপ স্কার্ফ।

জ. শোল্ডার অ্যাপুলেট ঃ কাঁধের পেটিতে দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট কালো পটভূমিতে সাদা জরির নৌ স্কাউটসের মনোগ্রামসহ রোভার লেখা অ্যাপুলেট পরবে।

ঝ. গ্রুপ পরিচিতি ঃ Oval বা ডিম্বাকৃতির সাদা পটভূমিতে কালো রংয়ের লেখা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের উভয় হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে পরতে হবে।

ঞ. নাম ফলকঃ হালকা নীল রংয়ের পটভূমিতে গাঢ় নীল রংয়ের রেজিস্ট্রেশন নম্বরসহ লেখা কাপড়ে নিজ নাম ফলক ডান বুকে পকেটের ঢাকনার লাইনের উপরে পরতে হবে।

ট. জাতীয় পতাকার রেপলিকা ঃ ডান বুকে পকেটের নাম ফলকের ওপরে দীক্ষাপ্রাপ্ত রোভার রোভার স্কাউট জাতীয় পতাকার রেপলিকা পরবে। রেপলিকা পরার সময়ে এর অগ্রভাগ বামদিকে রেখে সেলাই করে পরতে হবে।

ঠ. আনুষ্ঠানিক পোশাক ঃ নৌ স্কাউটসের অনুষ্ঠানে সাদা রংয়ের সিলেট, শার্ট, প্যান্ট, টুপি, জুতা, মোজা এবং ০৫নং-এর ঘ, ছ, জ, ঝ, ঞ, ট নং এর বর্ণনা অনুযায়ী বেল্ট, স্কার্ফ, শোল্ডার অ্যাপুলেট, গ্রুপ পরিচিতি ব্যাজ, নাম ফলক ও জাতীয় পতাকার রেপলিকা পরা যাবে।

## ০৬) নৌ রোভার পোশাক (মেয়ে)

গাঢ় নীল রংয়ের লম্বা কামিজ (হাঁটুর চার আঙ্গুল নীচ পর্যন্ত) দুই কাঁধে অ্যাপুলেট পরার জন্য পেটি থাকবে। টুপি, পাজামা/প্যান্ট ও ওড়নাসহ ০৫নং এর ঘ থেকে ট নং পর্যন্ত বর্ণিত নিয়মানুযায়ী, বেল্ট, জুতা (চামড়া/কাপড়), মোজা, স্কার্ফ, শোল্ডার অ্যাপুলেট, গ্রুপ পরিচিতি এবং ডান কাঁধ থেকে সামনের দিকে ১২ সেঃমিঃ নিচে নামফলক ও তার ওপরে জাতীয় পতাকার রেপলিকা সেলাই করে পরবে।

## ০৭) স্কাউট লিডার ও কমিশনারগণের পোশাক

সকল স্কাউট লিডার ও কমিশনারগণ স্কাউট পোশাকের অনুরূপ পোশাক পরিধান করবেন। কমিশনারদের স্কার্ফের রং বেগুনি হবে। ইউনিট লিডারগণ গ্রুপ স্কার্ফ পরবেন। অর্জিত হয়ে থাকলে উডব্যাজ স্কার্ফ, বিড ও ওয়াগল পরবেন।

### নন ওয়ারেনটেড পদের সদস্যগণের পোশাক

নন ওয়ারেনটেড পদের ব্যক্তিগণ প্রতিজ্ঞা গ্রহণের পর স্কাউট পোশাক পরতে পারবেন। তবে স্কাউটারদের জন্য নির্ধারিত কোন ব্যাজ লাগাতে পারবেন না। সাধারণত সভাপতি, সহ-সভাপতি, সম্পাদক, ট্রেজারার ও অন্যান্য সদস্য এর আওতায় পড়েন। তাদের পোশাক নিম্নরূপ হবে ঃ-

ক. স্কাউট পোশাকের জন্য নির্ধারিত শার্ট, প্যান্ট, বেল্ট, মোজা, জুতা, জেলা বা আঞ্চলিক স্কাউটস কর্তৃক অনুমোদিত স্কার্ফ।

খ. সদস্য ব্যাজ।

গ. সম্মানীয় পদক বা অ্যাওয়ার্ড।

## স্কাউট স্কার্ফ

স্কাউট স্কার্ফ স্কাউট পোশাকের অবিচ্ছেদ্য অংশ। এটা সমদ্বিবাহু বিশিষ্ট ত্রিকোণাকৃতি কাপড়ের তৈরি। বাহুর মাপ সাধারণত ৭৬ সেঃমিঃ পরিচয়ভেদে স্কার্ফ নানা রকম হতে পারে।

ক. **গ্রুপ স্কার্ফ ঃ** উডব্যাজ ও জাতীয় স্কার্ফ ছাড়া যে কোন একই অভিন্ন নমুনার গ্রুপ স্কার্ফ গ্রুপের সকল সদস্য পরিধান করবেন।

**খ. উডব্যাজ স্কার্ফ ঃ** কেবলমাত্র উডব্যাজধারী স্কাউটারগণ পরতে পারবেন। তাঁর গ্রুপ স্কার্ফের পরিবর্তে উডব্যাজ স্কার্ফ ও ওয়াগল পরতে পারবেন।

**গ. জাতীয় স্কার্ফ ঃ** জাতীয় স্কার্ফ গাঢ় সবুজ (Bottle Green) কাপড়ের ০.৬ সেন্টিমিটার লাল বর্ডারযুক্ত ত্রিভুজাকৃতির হবে। ত্রিকোণ শীর্ষে ১.৫ সেন্টিমিটার ব্যাসার্ধের বৃত্তাকারে সাদা কাপড়ের ওপরে ও নীচের অংশে বৃত্তাকারে যথাক্রমে "লাল রংয়ে বাংলাদেশ স্কাউটস" ও সবুজ রংয়ে "Bangladesh Scouts" লেখা থাকবে এবং মাঝখানে যথাযথ রংয়ে অংকিত বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম থাকবে। নিম্নলিখিত সদস্যগণ নিম্নলিখিত নিয়মে জাতীয় স্কার্ফ পরিধান করতে পারবেন।

১। জাতীয় স্কাউট কাউন্সিলের সদস্যগণ জাতীয় কাউন্সিল সভায় যোগদানকালে ইউনিফর্মের সঙ্গে পরবেন।

২। জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্য ইউনিফর্মের সঙ্গে পরবেন।

৩। সকল জাতীয় কমিশনার ও জাতীয় উপ-কমিশনারগণ ইউনিফর্মের সঙ্গে পারবেন।

৪। বাংলাদেশ স্কাউটসের (জাতীয় সদর দপ্তর কর্তৃক নিযুক্ত) সকল সার্বক্ষণিক কর্মকর্তা ইউনিফর্মের সঙ্গে পরবেন।

৫। লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ ইউনিফর্মের সাথে জাতীয় স্কার্ফ পরবেন।


৬। বাংলাদেশ স্কাউটসের অনুমোদিত প্রতিনিধি দলের সদস্যগণ বিদেশে স্কাউট অনুষ্ঠানে যোগদানকালে অথবা বাংলাদেশ স্কাউটসের প্রতিনিধিত্ব করাকালীন ইউনিফর্মের সঙ্গে পরবেন। দেশে ফেরার পর তাঁর নিজ নিজ পদমর্যাদা অনুযায়ী স্কার্ফ পরবেন।

ঘ. **বিশেষ স্কার্ফ ঃ** অনুমোদিত বিশেষ বিশেষ স্কাউট অনুষ্ঠানের জন্য আয়োজনকারী ইচ্ছা করলে স্মারক স্কার্ফ তৈরি ও বিতরণ করতে পারবেন। ঐসব অনুষ্ঠানে অংশগ্রহণকারী ও আমন্ত্রিতগণ অনুষ্ঠান চলাকালীন স্মারক স্কার্ফ পরতে পারবেন।ঙ. অন্য কোনভাবে ব্যাখ্যা না করা হলে বা কোন ধারায় এর ব্যতিক্রম না থাকলে স্কার্ফ কেবল স্কাউট ইউনিফর্মের সঙ্গে পরা যাবে। স্কাউট সংগঠন অনুমোদিত স্কার্ফ এই সংগঠনের সদস্যবর্গ ছাড়া অন্য কেউ পরিধান করতে পারবেন না।

## পদ মর্যাদা ব্যাজ

### ক. সহকারী রোভার মেট ব্যাজ

স্কাউট পোশাকের জামার বাম পকেটে সদস্য ব্যাজের বাম পার্শ্বে ১.২৫ সেঃমিঃ মাপের লাল কাপড়ের একটি ফিতা সেলাই করে পরবে।



খ. রোভার মেট ব্যাজ

স্কাউট পোশাকের শার্টের বাম পকেটে সদস্য ব্যাজের উভয় পার্শে ১.২৫ সেঃমিঃ মাপের লাল কাপড়ের দুটি ফিতা সেলাই করে পরবে।



গ. সিনিয়র রোভার মেট ব্যাজ

সিনিয়র রোভার মেট রোভার ইউনিটের সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী। স্কাউট জামার বাম বুক পকেটের মাঝখানে একটি এবং উভয় পার্শ্বে একটি করে মোট তিনটি ১.২৫ সেঃমিঃ মাপের লাল কাপড়ের ফিতা সেলাই করে পরবে।



## সাধারণ নিয়মাবলি

বাংলাদেশ স্কাউটসের সকল সদস্য তাদের স্বীকৃত যোগ্যতা, দক্ষতা, পারদর্শিতা, সম্মানসূচক পদক ও পদমর্যাদার প্রতীক স্বরূপ ভিন্ন ভিন্ন স্তরের জন্য নির্ধারিত স্কাউট পোশাকের সঙ্গে ব্যাজগুলো পরতে পারবেন। একজন সদস্য একই বিষয়ের উপর একাধিক ব্যাজ স্কাউট পোশাকে পরতে পারবে না এবং কোন স্কাউট ব্যাজ হস্তান্তর করতে পারবে না।

কোন অবস্থাতেই এক স্তরের ইউনিটের শাখার জন্য নির্ধারিত ব্যাজ অন্য কোন স্তরের ইউনিটের শাখার সদস্যরা স্কাউট পোশাকে পরতে পারবে না।

বাংলাদেশ স্কাউটসের স্কাউট ব্যাজসমূহ জাতীয় সদর দপ্তর কর্তৃক অনুমোদিত, নিয়ন্ত্রিত ও সংরক্ষিত। আঞ্চলিক স্কাউটস সম্পাদক অথবা জেলা স্কাউটস সম্পাদকের সুপারিশক্রমে সংশ্লিষ্ট ইউনিট লিডারগণ নিজে অথবা তার প্রেরিত প্রতিনিধি জাতীয় সদর দপ্তর থেকে প্রয়োজনীয় স্কাউট ব্যাজ সংগ্রহ করবেন। জাতীয় সদর দপ্তরের অনুমোদন ছাড়া কেউ স্কাউট ব্যাজের অনুরূপ কোন ব্যাজ তৈরি কিংবা ব্যবহার করতে পারবে না।

## বিভিন্ন মূল্যায়ন গ্রহণের নিয়মাবলি

ক. বিভিন্ন শাখার প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিট লিডারগণ নিজ নিজ শাখার সদস্য ব্যাজ ও পরবর্তী উচ্চ ধাপের দক্ষতা ব্যাজের মূল্যায়ন গ্রহণ করতে পারবেন। কোন প্রশিক্ষণপ্রাপ্ত কাব স্কাউট লিডার কাব শাখার সদস্য ও তারা ব্যাজের মূল্যায়ন গ্রহণ করতে পারবেন। কোন প্রশিক্ষণপ্রাপ্ত স্কাউট লিডার স্কাউট শাখার সদস্য ও স্ট্যান্ডার্ড ব্যাজের মূল্যায়ন গ্রহণ করতে পারবেন এবং কোন প্রশিক্ষণপ্রাপ্ত রোভার স্কাউট লিডার রোভার শাখার সদস্য ও প্রশিক্ষণ স্তরের মূল্যায়ন গ্রহণ করতে পারবেন।

খ. পরবর্তী উচ্চতর ধাপের মূল্যায়ন গ্রহণ করার জন্য একজন ইউনিট লিডারকে অবশ্যই সে শাখার উডব্যাজধারী হতে হবে।

গ. যেসব ইউনিট লিডার উডব্যাজধারী নন তাঁরা নিজ শাখার সদস্যদের উচ্চতর ধাপের মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য নিজ নিজ জেলা রোভার স্কাউট লিডারের কাছে লিখিত আবেদন করবেন। জেলা রোভার স্কাউট লিডার তাদের মূল্যায়ন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

ঘ. বিভিন্ন পারদর্শিতা ব্যাজের মূল্যায়ন গ্রহণ করতে পারবেন কেবলমাত্র সেই বিষয়ের বিশেষজ্ঞগণ।

## ব্যাজ পরার নিয়মাবলি

ক. সদস্য ব্যাজ স্কাউট শার্টের বাম পকেটের মাঝখানে সেলাই করে পরতে হবে। রোভার স্কাউটরা অনুরূপ সদস্য ব্যাজ অর্জনের পর দুই কাঁধে সদস্য স্তরের অ্যাপুলেট পরবে।

খ. তারা ব্যাজ/স্ট্যান্ডার্ড ব্যাজ স্কাউট শার্টের বাম হাতার কনুই ও কাঁধের মাঝখানে পরতে হবে।

গ. তারা ব্যাজ/স্ট্যান্ডার্ড ব্যাজ সরিয়ে ফেলে চাঁদব্যাজ/প্রোগ্রেস ব্যাজ পরতে হবে।

ঘ. চাঁদব্যাজ/ প্রোগ্রেস ব্যাজ সরিয়ে ফেলে সেই জায়গায় চাঁদতারা ব্যাজ/সার্ভিস ব্যাজ পরতে হবে।

ঙ. সার্ভিস ব্যাজের উপরের অংশে প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড পরতে হবে।

চ. রোভার স্কাউটদের ক্ষেত্রে প্রশিক্ষণ ও সেবা স্তরের যোগ্যতা অর্জিত হলে পূর্বে ব্যবহৃত সদস্য স্তরের অ্যাপুলেট সরিয়ে সে স্থানে ক্রমান্বয়ে এক লাল ও দুই লাল দাগ চিহ্নিত প্রশিক্ষণ ও সেবাস্তরের সোল্ডার অ্যাপুলেট পরতে হবে।

ছ. সকল পারদর্শিতা ব্যাজ স্কাউট শার্টের ডান হাতার কনুই ও কাঁধের মাঝখানে পরতে হবে।

## স্কাউট ব্যাজ

বাংলাদেশ স্কাউটসের অনুমোদিত লাল ক্রিসেন্টের ভিতরে ত্রি-পত্রবিশিষ্ট স্কাউট মনোগ্রামই হবে স্কাউট ব্যাজ। কাপড়ে সূচিকর্ম অথবা ধাতব দ্রব্যে তৈরি অথবা ছাপা ব্যাজ তৈরি করা যাবে।

নির্ধারিত বিষয়ের ব্যাজ ছাড়া স্কাউট মনোগ্রাম সম্বলিত সাধারণ ব্যাজগুলো যে কোন স্কাউট সদস্য স্কাউট পোশাক ছাড়া সাধারণ পোশাকে অলংকার হিসেবে ব্যবহার করতে পারবেন।

## স্কাউট মনোগ্রাম

স্কাউট মনোগ্রাম স্কাউটদের একটি নিজস্ব প্রতীক। এটি স্কাউটিং আন্দোলনের পরিচয় বহন করে। ত্রি-পত্রের অভ্যন্তরে বাংলাদেশের জাতীয় পতাকার লাল গোলক এবং চতুর্দিকে লাল ক্রিসেন্টের সমন্বয়ে স্কাউট মনোগ্রাম তৈরি হবে। এটি সাদা পটভূমির উপর খচিত কিংবা ছাপা অথবা সূচিকর্মের অথবা ধাতব দ্রব্য দ্বারা তৈরি করা থাকবে।



## মনোগ্রামের ব্যাখ্যা

জাতীয় পতাকার রংয়ে মনোগ্রাম তৈরি করা হবে। ত্রিপত্রের রং হবে গাঢ় সবুজ। মাঝখানে লাল গোলক জাতীয় পতাকার গোলকের প্রতীক, লাল ক্রিসেন্ট সেবার প্রতীক এবং ত্রিপত্রের সাদা বন্ধন স্কাউট ভ্রাতৃত্বের প্রতীক। সাদা পটভূমি পবিত্রতার প্রতীক।

## স্কাউট প্রতীক

বাংলাদেশ স্কাউটস, আঞ্চলিক স্কাউটস ও জেলা স্কাউটস ইচ্ছা করলে নিজস্ব প্রতীক ব্যবহার করতে পারবে।

ক) জাতীয় প্রতীক জাতীয় কাউন্সিল কর্তৃক অনুমোদিত হতে হবে।

খ) আঞ্চলিক প্রতীক আঞ্চলিক কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত এবং জাতীয় কার্যালয় কর্তৃক অনুমোদিত হতে হবে।

গ) জেলা স্কাউটস প্রতীক জেলা স্কাউটস কাউন্সিল কর্তৃক গৃহীত, আঞ্চলিক কার্যালয় কর্তৃক সুপারিশকৃত ও জাতীয় কার্যালয় কর্তৃক অনুমোদিত হতে হবে।

ঘ) জাতীয়, আঞ্চলিক ও জেলা স্কাউটস প্রতীক কাপড়ের উপর ২.৫৪ সেঃমিঃ ব্যাসার্ধের চেয়ে বেশি আকারের হতে পারবে না।

ঙ) এই প্রতীক স্কার্ফের শীর্ষবিন্দুর কাছাকাছি সেলাই করে লাগাতে হবে।

চ) এই প্রতীকগুলো শুধুমাত্র নিজ এলাকার বাইরে কোন স্কাউট অনুষ্ঠানে পরা যাবে। এই এমব্লেম কোন লেটার হেডে ব্যবহার করা যাবে না।

ছ) স্কাউটস প্রতীক বাংলাদেশ স্কাউটসের নিজস্ব সম্পদ। জাতীয় সদর দপ্তরের পূর্বে অনুমোদন ছাড়া এই প্রতীক কেউ যেখানে সেখানে ব্যবহার করতে পারবে না।

# বিশ্ব স্কাউট ব্যাজ

ক. বিশ্ব স্কাউট ব্যাজ বিশ্ব স্কাউট সংস্থা কর্তৃক নির্ধারিত মাপের বেগুনি রংয়ের পটভূমিতে সাদা রংয়ের স্কাউট ত্রিপত্র প্রতীকের চারদিকে সাদা দড়ি গোলাকার বেষ্টনীর শেষে ত্রিপত্রের নিচের দিকে একটা ডাক্তারী গেঁরো ।

খ. কাপড়ের তৈরি বিশ্ব স্কাউট ব্যাজ প্রত্যেক কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, লিডার ও অন্যান্য অনির্বাহী পদমর্যাদার স্কাউট কর্মকর্তাগণ ইচ্ছা করলে নিজ স্কাউট শার্টের ডান পকেটের মাঝখানে পরতে পারবে ।

## সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কীম

১২-২৫ বছর বয়স্ক কিশোর/যুবকদের একটি স্বাস্থ্যকর সমাজের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা দানের লক্ষ্যে সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কীম চালু করা হয় । এ অ্যাওয়ার্ড অর্জন করতে হলে স্কাউট ও স্বাস্থ্য পরিদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে । স্কাউটদের এই সঙ্গে আরও সমাজ উন্নয়ন সংক্রান্ত চারটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে। একইভাবে একজন রোভারকে চারটি সমাজ উন্নয়ন প্রকল্পে কাজ করে "প্রকল্প ব্যাজ" অর্জন করতে হবে ।

একজন স্কাউট স্ট্যান্ডার্ড ব্যাজ অর্জনের পর 'সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড' এর কাজ শুরু করার যোগ্য বলে বিবেচিত হবে । একইভাবে একজন রোভার স্কাউট সদস্য স্তরে উঠার পর অ্যাওয়ার্ডের কাজ শুরু করতে পারবে এবং প্রকল্প ব্যাজ অর্জনের পর সেবা স্তরে অ্যাওয়ার্ড অর্জন করতে সক্ষম হবে । ব্যাজগুলো অর্জনের পদ্ধতি সম্পর্কে নিচে ব্যাখ্যা প্রদান করা হলো:

## ১। টীকাদান কর্মী ব্যাজ (Immunization Badge):



১.১ ০৬টি মারাত্মক সংক্রামক ব্যাধি (ধনুষ্টংকার, ডিপথেরিয়া, হাম, পোলিও, যক্ষ্মা, হুপিংকফ) এবং সম্প্রসারিত টীকাদান কর্মসূচি সম্পর্কে ধারণা অর্জন।

১.২ সহজ যোগাযোগ পদ্ধতির (শো, কার্ড, পোস্টার) সাহায্যে সম্প্রসারিত টীকাদানের প্রয়োজনীয়তা সম্পর্কে সংশ্লিষ্ট পরিবারসমূহকে অবহিতকরণ এবং সংশ্লিষ্ট টীকাদান কেন্দ্রের সঙ্গে যোগাযোগ রাখার জন্য তাদের উদ্বুদ্ধ করার উপায় জানা।

১.৩ ১০ টি পরিবার তালিকাভূক্ত করে তাদের শিশুদের পূর্ণ কোর্স সম্প্রসারিত টীকা এবং ১৫-৪৫ বছর বয়স্ক সকল মহিলাকে টিটি গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং এ ব্যাপারে তাদের প্রমাণাদিসহ নিশ্চিত করতে হবে যে কোর্স সমাপ্ত হয়েছে।

## ২। পুষ্টি স্যালাইন ব্যাজ : (ORT/Nutrition Badge):



২.১ পুষ্টি স্যালাইন তৈরির উপকরণসমূহের পরিমাণ এবং যথাযোগ্য ব্যবহার পদ্ধতি সম্পর্কে জ্ঞানার্জন। ১০টি নির্ধারিত পরিবারের সহজ চিকিৎসা পদ্ধতি সংক্রান্ত সংবাদ পরিবেশন করা।

২.২ পরিবারসমূহের সঙ্গে সংযোগ রক্ষার্থে উদরাময় রোগ নিরাময়ের সাধারণ ব্যবস্থা সম্পর্কে জ্ঞানার্জন (নলকূপের পানি, জনস্বাস্থ্য, খাদ্য সংরক্ষণ প্রস্তুতি, পরিস্কার-পরিচ্ছন্নতা)।

২.৩ (স্কুলগামী নয় এমন শিশুদের জন্য) খাদ্যের পুষ্টিমান এবং কোন মৌসুমে কি কি খাদ্য পাওয়া যায় সে সম্পর্কে পরিবারসমূহকে যথাযথভাবে অবহিত করতে পারা।

২.৪ ভিটামিন 'এ'-এর অভাবজনিত রোগের লক্ষণ ও কারণ সম্পর্কে জ্ঞানর্জন এবং সংশ্লিষ্ট পরিবারসমূহকে এ সম্পর্কিত তথ্য পরিবেশন করা। (মায়েদের ভিটামিন-এ ক্যাপসুল গ্রহণে উৎসাহিত করা)। বছরে কমপক্ষে ৫-১০টি পরিবারে অন্তত দুবার ক্যাপসুল বিতরণ নিশ্চিত করা।

২.৫ স্থানীয় বীজ বিতরণ স্কীম পর্যবেক্ষণ ও পরিবারসমূহকে এই কাজে অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ।

## ৩. শিশু স্বাস্থ্যকর্মী ব্যাজ (Child Health Motivator Badge)



৩.১ গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সংবাদ (ইপিআই এবং ওআরটি) সম্পর্কে জনগণকে সচেতন করে তোলার লক্ষ্যে ফ্লিপ চার্টসহ বিভিন্ন কৌশল অবলম্বন করার পদ্ধতি জানা। বিদ্যালয়ে, সামাজিক গুরুত্বপূর্ণ কেন্দ্রসমূহে এসব চার্ট প্রদর্শন করতে পারা।

৩.২ বর্ণিত তিনটি বিষয়ে যে কোন সরকারি কর্মসূচিতে কমপক্ষে ৭ দিন সেবাদান করা।

৩.৩ সম্প্রসারিত টীকাদানের কর্মসূচি বাস্তবায়ন স্থান নির্বাচন ও প্রস্তুতিতে সহায়তা দান ('মনি' পতাকা উত্তোলন এলাকায় পরামর্শ প্রদান ইত্যাদি) এবং নিকটবর্তী এলাকার লোকজনকে কোথায় এবং কখন সম্প্রসারিত টীকাদান করা হয় তা অবহিত করা। কমপক্ষে ৫-১০টি বাদ পরা পরিবারে ফিরতি পরিদর্শন কার্যক্রম বাস্তবায়ন করা এবং তাদের পূর্ণ কোর্স গ্রহণে উৎসাহিত করা।

১.৩ স্কাউট কমপক্ষে ৫টি পরিবার তালিকাভুক্ত করবে।
রোভার স্কাউট কমপক্ষে ১০টি পরিবার তালিকাভুক্ত করবে।

# রোভার স্কাউট প্রেগ্রাম এক নজরে

| বিষয় / পর্যায় স্তর | নবাগত/রোভার সহচর | সদস্য স্তর | প্রশিক্ষণ স্তর | সেবা স্তর |
|---|---|---|---|---|
| বিশেষ জ্ঞান | ১. রোভার স্কাউট প্রোগ্রাম সম্পর্কে ধারণা অর্জন ।*<br>০২. মাই প্রোগ্রেস বই ও লগ বই সম্পর্কে ধারণা অর্জন ।*<br>০৩. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ ।*<br>০৪. নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা :<br>ক) প্রতিজ্ঞা, আইন ও মটো ।*<br>খ) সালাম, চিহ্ন ও করমর্দন ।<br>গ) স্কাউট পোশাক ও ব্যাজ ।*<br>ঘ) জাতীয় সঙ্গীত ও প্রার্থনা সঙ্গীত ।<br>ঙ) জাতীয় পতাকা ও স্কাউট পতাকা ।<br>০৫. স্কাউট আন্দোলনের ইতিহাস ।<br>০৬. রোভার স্কাউট গ্রুপ/ ইউনিটে শৃংখলাবোধ সম্পর্কে ধারণা ও চর্চা ।* | ০১. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ ।<br>০২. বাংলাদেশ স্কাউটস এর রূপরেখা, সাংগঠনিক কাঠামো এবং গঠন ও নিয়ম সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৩. এশিয়া প্যাসিফিক অঞ্চল সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৪. বাংলাদেশের কৃষ্টি ও সাংস্কৃতিক রূপরেখা ।<br>০৫. বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও স্থাপনা সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৬. ভাষা শিক্ষা ও যোগাযোগ পদ্ধতি সম্পর্কে জ্ঞানার্জন । | ১. বিশ্ব স্কাউট সংস্থার প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো ও কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০২. বাংলাদেশের প্রচলিত আইন জানা ।<br>০৩. বাংলাদেশের স্থানীয় সরকার সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৪. জাতিসংঘ সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৫. বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞানার্জন ।<br>ক) বাংলাদেশের মৌলিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা নির্ধারণ করা ।<br>খ) বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে ০৫টি সুপারিশ প্রণয়ন ।<br>গ) জাতীয় বাজেট কি তা জানা । | ০১. সরকারের বিভিন্ন বিভাগ সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০২. বাংলাদেশে জাতিসংঘ এবং এর শাখার কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কে জানা ।<br>০৪. বাংলাদেশে কাজ করে এমন অন্তত: ১টি আন্তর্জাতিক যুব সংস্থার কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৫. সার্ক সহ অন্য যে কোন একটি আঞ্চলিক জোটের গঠন ও কার্যাবলী সম্পর্কে জ্ঞানার্জন ।<br>০৬. এশিয়া প্যাসিফিক রিজিওন ছাড়া বিশ্ব স্কাউট সংস্থা ভুক্ত ২টি অঞ্চলের স্কাউটিং আছে এমন ২টি দেশের ইতিহাস, কৃষ্টি, ভাষা, যোগাযোগ, খাদ্য ইত্যাদি সম্পর্কে জ্ঞানার্জন । |
| ব্যবহারিক কাজ | ০৭. রেকর্ড সংরক্ষণ :<br>ক) মাই প্রোগ্রেস বই সংরক্ষণ শুরু করা ।*<br>খ) লগ বই লিপিবদ্ধকরণ শুরু করা ।*<br>০৮. ব্যবহারিক দক্ষতা :<br>ক) দড়ির কাজ ।<br>খ) অনুমান ও পর্যবেক্ষণ ।<br>গ) সংকেত অনুসরণ ।<br>ঘ) পতাকা বহন পদ্ধতি জানা ।<br>০৯. আগুন জ্বালানো ও রান্না ।<br>১০. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে ০৩টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা । | ৭. রেকর্ড সংরক্ষণ :<br>ক) মাই প্রোগ্রেস সংরক্ষণ করা ।<br>খ) লগ বই লিপিবদ্ধ করা ।<br>৮. ব্যবহারিক দক্ষতা :<br>ক) পাইওনিয়ারিং ও দড়ির কাজ<br>খ) কম্পাস ও মানচিত্র পাঠ<br>গ) গোপন বার্তা উদ্ধার ।<br>ঘ) বিশ্ব বন্ধুত্বের কার্যক্রম শুরু করা ।<br>০৯. কম্পিউটার সম্পর্কে প্রাথমিক জ্ঞানার্জন ।<br>১০. নিম্নলিখিত বিষয়ে দক্ষতা অর্জন (কমপক্ষে ১টি): হাঁস পালন, মুরগী পালন, মৎস্য চাষ, অ্যাকুরিয়ামে মাছ চাষ, কৃষি কর্ম, মৌমাছি চাষ, মাশরুম চাষ, সয়েল টেস্ট, ক্ষেতের পাওয়ার পাম্প মেরামত, উন্নত চুলা তৈরি বায়োগ্যাস প্লান্ট, বক্তৃতা, সম্পাদকের কাজ, দোভাষী, মোটরযান মেরামত, এ্যামেচার রেডিও, এ্যারো পাইওনিয়ার, নৌ বাহিনী সংগঠন, রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল ।<br>১১. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে নতুন ০৪টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা । | ০৬. রেকর্ড সংরক্ষণ:<br>ক) মাই প্রোগ্রেস বই সংরক্ষণ করা ।<br>খ) লগ বই লিপিবদ্ধ করা ।<br>০৭. ব্যবহারিক দক্ষতা:<br>ক) কমপক্ষে ২টি পাইনিওনিয়ারিং প্রজেক্ট তৈরি করা ।<br>খ) সাঁতার জানা ।<br>গ) বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম ।<br>০৮. Ms Office (Word, Power Point), E-mail সম্পর্কে জানা ।<br>০৯. নিম্নলিখিত বিষয়ে দক্ষতা অর্জন (কমপক্ষে ১টি): বৈদ্যুতিক কাজ, কম্পিউটার, আগুন নেভানো, উদ্ধার কর্মি, জনস্বাস্থ্য কর্মি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, মা ও শিশুর যত্ন, নার্সিং, সাংবাদিকতা, ক্রাইম প্রিভেনশন, বিমান শিক্ষানবীশ, শীপ নলেজ রেলওয়ে পরিচালক ।<br>১০. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে নতুন ০৪টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা । | ৭. রেকর্ড সংরক্ষণ :<br>ক) মাই প্রোগ্রেস বই সংরক্ষণ করা ।<br>খ) লগ বই লিপিবদ্ধ করা ।<br>৮. ব্যবহারিক দক্ষতা :<br>ক) কমপক্ষে ২টি পাইওনিয়ারিং প্রজেক্ট তৈরি করা (পূর্বের ২টি ব্যতিত) ।<br>খ) বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম ।<br>গ) ১টি এলাকা জরিপ করে রিপোর্ট প্রণয়ন করা ।<br>০৯. "পরিভ্রমণকারী ব্যাজ" অর্জন ।<br>১০. Ms Office (Excel), Networking সম্পর্কে জানা ।<br>১১. যে কোন একটি বিষয়ে পরিমিত জ্ঞানার্জন: ব্লাড ব্যাংক, চক্ষু ব্যাংক, চক্ষু শিবির, কুষ্ঠ নিয়ন্ত্রণ, বৈমানিক, সিম্যান, রেলওয়ে পাইলট ।<br>১২. রোভার স্কাউটদের জন্য নির্বাচিত গান থেকে নতুন ০৩টি গান জানা ও সুন্দরভাবে গাইতে পারা । |
| ধর্মীয় কার্যাবলী | ১১. নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা ।* | ১২. ধর্মীয় কার্যাবলী :<br>ক) নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা ।<br>খ) "স্কাউট ওন" সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ । | ১২. ধর্মীয় কার্যাবলী :<br>ক) নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা ।<br>খ) নূন্যতম ১টি ধর্মীয় অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা কাজে অংশগ্রহণ । | ১৩. স্কাউট প্রতিজ্ঞা ও আইনের প্রতি দৃষ্টি রেখে ধর্মীয় অনুশাসন সমুহ মেনে চলা ও অপরকে উদ্বুদ্ধ করা । |

জাতীয় পর্যায়ের মূল্যায়নের মধ্যবর্তী সময়ে কাব স্কাউট/ স্কাউট লিডার অ্যাডভান্স কোর্সে অংশগ্রহণ করতে হবে ।

| | | | | |
|---|---|---|---|---|
| আন্দোলনের সেবা | ১২. স্কাউটিং ও বহিঃ কার্যক্রম :<br>ক) স্কাউটিং ও বহিঃ কার্যক্রম সম্পর্কে জ্ঞানার্জন।<br>খ) নিজ ইউনিট/উপদলের সাথে অন্ততঃ ১টি হাইকিংয়ে অংশগ্রহণ<br>গ) নিজ ইউনিট/উপদলের সাথে অন্ততঃ ০১ রাতের তাঁবু বাসে অংশগ্রহণ। | ১৩. স্কাউটিং ও সেবা কার্যক্রম :<br>ক) তাঁবু বাস সম্পর্কে জ্ঞানার্জন।<br>খ) "রোভার মেট" কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ।<br>গ) "রোভার কুশলী ব্যাজ" অর্জন। | ১২. স্কাউটিং ও সেবা কার্যক্রম :<br>ক) কাব/স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ।<br>খ) "স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ" অর্জন। | ১৪. স্কাউটিং ও সেবা কার্যক্রম :<br>ক) অন্য ০১টি রোভার স্কাউট গ্রুপ এবং ০১টি কাব স্কাউট বা ০১টি স্কাউট গ্রুপ পরিদর্শন করে রিপোর্ট প্রনয়ণ।<br>খ) পি.আর.এস-দের নাম ও তথ্য জানা।<br>গ) শাপলা কাব/পি.এস তৈরিতে সহযোগিতা প্রদান (অন্ততঃ ১জন)<br>ঘ) অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন। |
| সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য | ১৩. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন :<br>ক) সমাজ সেবা ও সমাজ উন্নয়নের পার্থক্য বুঝতে পারা।<br>খ) নিজ গ্রুপ/ইউনিট/উপদলের সাথে অন্ততঃ ১টি সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ<br>১৪. পরিবেশ সম্পর্কে জ্ঞানার্জন।<br>১৫. স্বাস্থ্য পরিচর্যা :<br>ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে জ্ঞানার্জন।<br>খ) মানব দেহের গঠন সম্পর্কে জানা।<br>গ) নিরাপদ রক্ত সঞ্চালন সম্পর্কে জানা।*<br>ঘ) নিজ রক্তের গ্রুপ জানা।*<br>ঙ) নিজ গ্রুপসহ ১০ জন ব্যক্তির রক্তের গ্রুপ ও নাম ঠিকানা সংগ্রহ করা।*<br>চ) জ্বর মাপতে পারা।*<br>১৬. বিপি-র পিটি গুলো জানা ও চর্চা করা। | ১৪. "শিক্ষকতা ব্যাজ" অর্জন।<br>(এই ব্যাজটি ইচ্ছে করলে সেবা স্তরেও অর্জন করা যাবে)<br>১৫. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন:<br>ক) অন্ততঃ ০৩টি সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে নিয়োজিত থাকা (পূর্বেরটি ব্যতিত)।<br>খ) বিশ্ব সংরক্ষণ বিষয়ে প্রাথমিক জ্ঞান অর্জন।<br>গ) ০২টি ফলদ বৃক্ষ রোপন ও পরিচর্যা<br>১৬. স্বাস্থ্য পরিচর্যা :<br>ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে ব্যবহারিক জ্ঞানার্জন।<br>খ) শিশুর ০৭টি মারাত্মক রোগ ও তার প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে জ্ঞানার্জন।<br>ঘ) মাদকাসক্তি সম্পর্কে জ্ঞানার্জন। | ১৩. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন :<br>ক) অন্ততঃ ০৩টি সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে নিয়োজিত থাকা (পূর্বেরগুলি ব্যতিত)।<br>খ) বিশ্ব সংরক্ষণ বিষয়ে উচ্চতর জ্ঞান অর্জন।<br>গ) পূর্বের রোপনকৃত ০২টি গাছের যত্ন এবং নতুন ০২টি বনজ বৃক্ষ রোপন ও পরিচর্যা।<br>১৪. স্বাস্থ্য পরিচর্যা :<br>ক) প্রাথমিক প্রতিবিধান সম্পর্কে উচ্চতর জ্ঞানার্জন।<br>খ) মাদকাসক্তি, হেপাটাইটিস-বি ও সি ভাইরাস এবং এইডস্ রোগের প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) সম সাময়িক রোগ, স্বাস্থ্য সমস্যা ও তার প্রতিরোধের উপায় সম্পর্কে জানা। | ১৫. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন :<br>ক) পরিবেশ সংরক্ষণে জনসাধারণকে উদ্বুদ্ধ করণের জন্য দুটি তথ্যবহুল চার্ট প্রস্তুত করে প্রদর্শন ও প্রচার করা।<br>খ) দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) পূর্বের রোপনকৃত ৪টি বৃক্ষের পরিচর্যা ও প্রতিবেদন পেশ।<br>১৬. স্বাস্থ্য পরিচর্যা :<br>ক) হেপাটাইটিস-বি ও সি ভাইরাস এবং এইডস্ রোগ সম্পর্কে উচ্চতর জ্ঞানার্জন।<br>খ) পরিবার পরিকল্পনা সম্পর্কে জ্ঞানার্জন।<br>গ) মাদক দ্রব্যের ক্ষতিকর দিক সম্পর্কে অন্যকে জানানো।<br>"শিক্ষকতা ব্যাজ" অর্জন।<br>(সদস্য স্তরে অর্জিত না হলে এই স্তরে অবশ্যই অর্জন করতে হবে)। |
| আত্ম উন্নয়ন | ১৭. আত্ম উন্নয়ন সম্পর্কে জ্ঞানার্জন।* | ১৭. নিম্নের যে কোন একটি বিষয়ে "স্বনির্ভর ব্যাজ" অর্জন (অন্ততঃ এক বছর)।:<br>কম্পিউটার, পোলট্রি ও মৎস্য চাষ, ডেইরি ফার্ম, সেলাই কাজ (সেলাই, ব্লক, বাটিক, এমব্রয়ডারী, বিউটিশিয়ান, পর্যটন কর্মি, আলোকচিত্র শিল্পী, স্যাটেলাইট ও টেলিকমিউনিকেশন, সাংবাদিকতা, নার্সারী, ইন্টেরিয়র ডিজাইন, শিল্পকলা (সঙ্গীত, যন্ত্রসঙ্গীত, নৃত্য), চিত্র ও কারুশিল্প, সেক্রেটারিয়েল সায়েন্স ইত্যাদি।<br>১৮. নিম্নের যে কোন একটি বিষয়ে "স্বনির্ভর ব্যাজ" অর্জন:<br>প্রাথমিক প্রতিবিধান, পাইওনিয়ারিং, সিগনালিং, উদ্ধার কর্মি, হেলথ্ মোটিভেটর ইত্যাদি। | | |
| সময়সীমা | ০৩-০৬ মাস * বিশেষ ক্ষেত্রে ০১ মাস | ০৯-১২ মাস | ০৯-১২ মাস | ০৬-০৯ মাস |
| ক্রু মিটিং (ন্যূনতম) | ০৮টি | ৩০টি | ৩০টি | ২২টি |
| উত্তীর্ণ | সদস্য স্তর | প্রশিক্ষণ স্তর | সেবা স্তর | প্রেসিডেন্ট'স রোভার স্কাউট |

* (স্টার) চিহ্নিত বিষয়গুলো শুধুমাত্র স্কাউট শাখায় ন্যূনতম প্রোগ্রেস ব্যাজ অর্জনকারী স্কাউটরা নবাগত/রোভার সহচর পর্যায়ে এক মাসে সম্পন্ন করে দীক্ষা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাকে কমপক্ষে ৪টি ক্রু মিটিংয়ে অংশগ্রহণ করতে হবে।

• প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য একজন রোভার স্কাউটকে সেবা স্তর থেকে

# এক নজরে স্কাউট প্রোগ্রাম

| বিষয় \ ব্যাজ | সদস্য ব্যাজ | স্ট্যান্ডার্ড ব্যাজ | প্রোগ্রেস ব্যাজ | সার্ভিস ব্যাজ | প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড |
|---|---|---|---|---|---|
| স্কাউট আদর্শ | ১. স্কাউটিংয়ের মূলভিত্তি*<br>২. জাতীয় পতাকা<br>৩. জাতীয় সংগীত<br>৪. ধর্ম পালন* | ১. স্কাউট আন্দোলনের ইতিহাস<br>২. জাতীয় পতাকা<br>৩. সাংগঠনিক জ্ঞান<br>৪. ধর্ম পালন | ১. সাংগঠনিক জ্ঞান<br>২. পতাকা<br>৩. ধর্ম পালন | ১. সাংগঠনিক জ্ঞান<br>২. বাংলাদেশের জাতীয় প্রতীক<br>৩. ধর্ম পালন | ১. বিশ্ব স্কাউট সংস্থা সম্পর্কে জ্ঞান<br>২. ধর্ম পালন |
| স্কাউট দক্ষতা | ১. দড়ির কাজ<br>২. উপদলীয় কার্যাবলী*<br>৩. সংকেত* | ১. দড়ির কাজ<br>২. সংকেত<br>৩. অভিযান<br>৪. অনুসরক চিহ্ন<br>৫. অনুমান<br>৬. শরীর চর্চা | ১. দড়ির কাজ<br>২. অনুমান<br>৩. সংকেত<br>৪. উপস্থিত বক্তৃতা | ১. দড়ির কাজ<br>২. কোড ও সাইফার<br>৩. স্কাউট পতাকা<br>৪. অনুমান<br>৫. সংকেত<br>৬. উপস্থিত বক্তৃতা | ১. দড়ির কাজ<br>২. কোড ও সাইফার<br>৩. সংকেত |
| জীবন শিক্ষা ও সমাজ সেবা | ১. বাড়ীর কাজ*<br>২. তথ্যানুসন্ধান*<br>৩. প্রাথমিক প্রতিবিধান | ১. ব্যক্তিগত স্বাস্থ্য রক্ষা<br>২. পর্যবেক্ষণ<br>৩. স্কাউট সেবা<br>৪. প্রাথমিক প্রতিবিধান<br>৫. তথ্যানুসন্ধান<br>৬. সঞ্চয় | ১. শারীরিক পরিবর্তন<br>২. পর্যবেক্ষণ<br>৩. স্কাউট সেবা<br>৪. প্রাথমিক প্রতিবিধান<br>৫. সঞ্চয়<br>৬. তথ্যানুসন্ধান<br>৭. মাদকদ্রব্য প্রতিরোধ | ১. স্কাউট সেবা<br>২. মাদকদ্রব্য প্রতিরোধ ও সচেতনতা<br>৩. সঞ্চয় | ১. পরিকল্পনা প্রস্তাব<br>২. মাদক প্রতিরোধ<br>৩. ব্যবহারিক জ্ঞান |
| স্বদেশ, সংস্কৃতি ও পরিবেশ | ১. ব্যবহারিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস | ১. ব্যবহারিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস<br>৩. পরিবেশ | ১. জ্ঞান অর্জন<br>২. সাংগঠনিক জ্ঞান<br>৩. পরিবেশ | ১. পরিবেশ<br>২. সরকারের গঠন ও কার্যাবলী<br>৩. শব্দ দূষণ | ১. সাংগঠনিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস |
| প্রযুক্তি শেখা | টেলিফোনে কথা বলা* | ১. কম্পাস ও মানচিত্র<br>২. কম্পিউটার জ্ঞান | ১. মানচিত্র<br>২. কম্পিউটার জ্ঞান | ১. ধোঁয়াবিহীন উন্নত চুলা তৈরির কৌশল<br>২. কম্পিউটার জ্ঞান | ১. বিকল্প জ্বালানী<br>২. তথ্য প্রযুক্তি |
| গান জানা | তিনটি গান জানা | চারটি গান জানা | তিনটি গান জানা | দুইটি গান জানা | দুইটি গান জানা |
| পারদর্শিতা ব্যাজ অর্জন | - | চেতনা গ্রুপের একটি সহ সর্বমোট ০৪টি (কোন গ্রুপে ০১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ সর্বমোট ০৪টি (কোন গ্রুপে ০১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ সর্বমোট ০৪টি (কোন গ্রুপে ০১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ সর্বমোট ০৪টি (কোন গ্রুপে ০১টির বেশী নয়) |
| ক্যাম্প | স্কাউটিং এর পুরো সময়ে একটি ডে ক্যাম্প, একটি ০৩ (তিন) দিনের ক্যাম্প, একটি উপজেলা, জেলা, আঞ্চলিক সমাবেশ, জাম্বুরী অথবা পিএলটিসিতে অংশগ্রহণ করতে হবে। | | | | |
| ট্রুপ মিটিং | কমপক্ষে ০৮টি | কমপক্ষে ১২-১৫ টি | কমপক্ষে ১২-১৫ টি | কমপক্ষে ১২-১৫ টি | কমপক্ষে ০৮টি |
| সময়সীমা | ০৩ মাস (*চিহ্নিতদের জন্য একমাস) | ৬-৯ মাস | ৬-৯ মাস | ৬-৯ মাস | ৪-৬ মাস |

* (স্টার) চিহ্নিত বিষয়গুলো শুধুমাত্র কাব স্কাউট শাখায় চাঁদ তারা ব্যাজ অর্জনকারী কাব স্কাউট সম্পূর্ণ করে একমাসে দীক্ষা গ্রহণ করতে পারবে; এক্ষেত্রে উক্ত কাব স্কাউটকে কমপক্ষে ৪টি ট্রুপ মিটিংয়ে অংশগ্রহণ করতে হবে।

# অ্যাপুলেট




সদস্য স্তর




প্রশিক্ষণ স্তর




সেবা স্তর




প্রেসিডেন্ট'স
রোভার স্কাউট

# সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড



টীকাদান কর্মী ব্যাজ



শিশু স্বাস্থ্য কর্মী ব্যাজ



পুষ্টি স্যালাইন ব্যাজ




সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড

বাংলাদেশ স্কাউটস

জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০
ফোন: ৯৩৩৩৬৫১, ৯৩৩৭৭১৪ এক্স-৩০, ফ্যাক্স : ০২ ৯৩৪২২২৬
e-mail : scouts@bangla.net
Web: bangladeshscouts.org.bd